

নিউ ইয়র্ক সিটি (NEW YORK CITY) অ্যাপার্টমেন্ট বিল্ডিং আপংকালীন প্রস্তুতির নির্দেশিকা



আপংকালীন প্রস্তুতির মূল
বিষয়গুলি

যাদের সহায়তার প্রয়োজন আছে

প্রস্তুতির সামগ্রী (বাড়ির
আপংকালীন পরিস্থিতি এবং
আপনার গো ব্যাগের জন্য)

বাড়ির নিরাপত্তা এবং আগুন
প্রতিরোধ

আপনার বিল্ডিং সম্পর্কে জানুন

আগুন/আগুন-বহির্ভূত
আপংকালীন পরিস্থিতিতে কী
করবেন

আপংকালীন প্রস্তুতির সংস্থান



অ্যাপার্টমেন্ট বিল্ডিংয়ের নিরাপত্তা সম্পর্কে এবং প্রতিটি বাসিন্দা আপংকালীন পরিস্থিতির জন্য প্রস্তুতি
নিতে, আগুন প্রতিরোধ করতে এবং আগুন বা আগুন-বহির্ভূত আপংকালীন পরিস্থিতির সময়
নিজেদের ও তাদের পরিবারকে রক্ষা করতে কী করতে পারেন সেই সম্পর্কে অ্যাপার্টমেন্ট বিল্ডিংয়ের
বাসিন্দাদের ও কর্মীদের জানাতে NYC দমকল বিভাগ [NYC Fire Department] তৈরি করেছে।

2024

নিউ ইয়র্ক সিটি (NEW YORK CITY) অ্যাপার্টমেন্ট বিল্ডিং আপেকালীন প্রস্তুতির নির্দেশিকা

অ্যাপার্টমেন্ট বিল্ডিংয়ের বাসিন্দা ও কর্মীদের জন্য

সূচিপত্র

1. আপেকালীন প্রস্তুতির মূল বিষয়গুলি.....	4
A. অবহিত থাকুন/আপেকালীন বিজ্ঞপ্তি ব্যবস্থা.....	4
B. স্বস্থানে আশ্রয়/আপেকালীন সরবরাহ কিট.....	5
C. কখন স্থান খালি করতে হবে/আপেকালীন আশ্রয়.....	5
D. আপনার পরিবারের সাথে পুনর্মিলন.....	5
2. যাদের সহায়তার প্রয়োজন আছে.....	6
A. আপনার সাহায্য প্রয়োজন হলে.....	6
B. আপনি যদি সাহায্য প্রদান করতে পারেন.....	6
3. প্রস্তুতির সামগ্রী (বাড়ির আপেকালীন পরিস্থিতি এবং আপনার গো ব্যাগের জন্য).....	7
A. বাড়ির আপেকালীন সরবরাহ কিট.....	7
B. গো ব্যাগ (ছোট পিঠের ব্যাগ বিশেষ).....	8
4. বাড়ির নিরাপত্তা এবং আগুন প্রতিরোধ.....	9
A. বাড়ির নিরাপত্তা উপকরণ.....	9
B. নিরাপদে বাড়ি গরম রাখা.....	10
C. লিথিয়াম-আয়ন ব্যাটারি ই-নিরাপত্তা.....	10
D. আগুন প্রতিরোধের অতিরিক্ত পরামর্শ.....	12
E. ছোটখাট আগুন নেভানো.....	14
5. আপনার বিল্ডিং সম্পর্কে জানুন.....	14
A. বিল্ডিং নির্মাণ.....	15
B. আগুন সুরক্ষা ব্যবস্থা.....	16
C. নিরাপদে বের হওয়া (বাইরে বেরনোর উপায়).....	17
D. অ্যাপার্টমেন্ট সনাক্তকরণ এবং আগুনের আপেকালীন পরিস্থিতির জন্য চিহ্নিতকরণ.....	18

6. আগুন বা আগুন-বহির্ভূত আপৎকালীন পরিস্থিতিতে কী করবেন	19
A. আগুন.....	19
B. চিকিৎসাগত আপৎকালীন পরিস্থিতি	22
C. ইউটিলিটি (বিদ্যুৎ, গ্যাস, জল বা পয়ঃনিষ্কাশন) সংক্রান্ত আপৎকালীন পরিস্থিতি	23
D. আবহাওয়া সংক্রান্ত আপৎকালীন পরিস্থিতি	25
E. চিকিৎসাগত আপৎকালীন পরিস্থিতি	29
F. বিন্দিং বিস্ফোরণ/ধসে পড়া.....	31
G. সন্ত্রাস	32
7. আপৎকালীন প্রস্তুতির সংস্থান.....	34

নিউ ইয়র্ক সিটি NYC দমকল বিভাগ এই আপৎকালীন প্রস্তুতির নির্দেশিকাটি অ্যাপার্টমেন্ট বিল্ডিংয়ের বাসিন্দাদের ও কর্মীদের মধ্যে বিতরণের জন্য তৈরি করেছে।

আপনার বিল্ডিং সম্পর্কে এবং আপনি ও আপনার পরিবারের সদস্যরা আপৎকালীন পরিস্থিতির জন্য প্রস্তুতি নিতে, আগুন প্রতিরোধ করতে এবং আগুন বা আগুন-বহির্ভূত আপৎকালীন পরিস্থিতির সময় নিজেদের রক্ষা করতে কী করতে পারেন সেই সম্পর্কে আপনাকে অবহিত করতে এটির পরিকল্পনা করা হয়েছে।

আপনি যদি বিল্ডিংয়ের মালিক বা ম্যানেজারের কাছ থেকে এই নির্দেশিকাটি পান, তাহলে এর মধ্যে থাকবে আপনার বিল্ডিং নির্মাণ, অগ্নি সুরক্ষা ব্যবস্থা এবং প্রস্থানের বর্ণনা দিয়ে বিল্ডিংয়ের মালিকের দ্বারা প্রস্তুত করা বিল্ডিংয়ের একটি তথ্য পত্র; একটি স্বতন্ত্র আপৎকালীন প্রস্তুতি/স্থান খালি করার পরিকল্পনার যাচাইতালিকা; এবং অন্যান্য তথ্য যা আপনার আপৎকালীন পরিকল্পনায় তথ্য জোগাবে।

1. আপৎকালীন প্রস্তুতির মূল বিষয়গুলি

- A. অবহিত থাকুন/আপৎকালীন বিজ্ঞপ্তি ব্যবস্থা
- B. স্বস্থানে আশ্রয়/আপৎকালীন সরবরাহ কিট
- C. কখন স্থান খালি করতে হবে/আপৎকালীন আশ্রয়
- D. আপনার পরিবারের সাথে পুনর্মিলন

A. অবহিত থাকুন/আপৎকালীন বিজ্ঞপ্তি ব্যবস্থা

1. Notify NYC হল আবহাওয়ার আপৎকালীন পরিস্থিতি এবং সাবওয়ে ও রাস্তা বন্ধ সহ সিটির অফিসিয়াল আপৎকালীন তথ্যের উৎস। বিনামূল্যে আপৎকালীন সতর্কতার জন্য অথবা মোবাইল অ্যাপ্লিকেশনের জন্য Notify NYC অ্যাপ্লিকেশন ডাউনলোড করতে <https://a858-nycnotify.nyc.gov/notifynyc/> এ সাইন আপ করুন। সাম্প্রতিকতম তথ্যের জন্য NYC.gov/notifynyc দেখুন।
2. 311-এর সাথে সংযোগ করুন

অনলাইন

- [NYC311 অনলাইন](#)
- [টুইটার \(Twitter\)](#)
- [ফেসবুক \(Facebook\)](#)
- [ইনস্টাগ্রাম \(Instagram\)](#)
- 212-NEW-YORK (212-639-9675) নম্বরে স্কাইপ (Skype) কল করুন।

NYC311 বর্তমানে ইমেল বা ইন্সট্যান্ট মেসেজের মাধ্যমে অনুরোধ গ্রহণ করে না।

মোবাইল অ্যাপ

- [NYC311 অ্যাপ](#)

ফোনে

NYC311-কে [311](#) নম্বরে কল করুন। আপনি 311-692 নম্বরেও টেক্সট করতে পারেন।

212-NEW-YORK (212-639-9675) নম্বরে কল করুন যদি আপনি:

- নিউ ইয়র্ক সিটির বাইরে থাকেন
- ভয়েস ওভার ইন্টারনেট প্রোটোকল (Voice over Internet Protocol, VoIP) প্রদানকারী ব্যবহার করেন
- 711 বা TTY (টেলিটাইপরাইটার)-এর মাধ্যমে NYC311-এর সাথে সংযোগ করেন
- ভিডিও রিলে সার্ভিস (Video Relay Service, VRS)-এর মাধ্যমে NYC311-এর সাথে সংযোগ করেন

আপনি 311 নম্বরে কল করলে, আপনার ফোন পরিষেবা প্রদানকারী একটি স্থানীয় কলের খরচ নেয়। আপনাকে 311 নম্বর থেকে অন্য ফোন নম্বরে ট্রান্সফার করা হলে, কোনো অতিরিক্ত খরচ দিতে হয় না।

3. আপৎকালীন পরিস্থিতির সময়, ঘটনাস্থলে থাকা আপৎকালীন সাড়াদানকারীরা যে নির্দেশ দেন তা অনুসরণ করুন বা, আপৎকালীন পরিস্থিতিটি আপনার বিল্ডিংয়ে না ঘটলে, আপৎকালীন আশ্রয়ের তথ্য সহ সর্বশেষ তথ্য পেতে Notify NYC, স্থানীয় রেডিও, টেলিভিশন এবং ইন্টারনেট সংবাদ পরিষেবাগুলির দিকে নজর রাখুন।

B. স্বস্থানে আশ্রয়/আপৎকালীন সরবরাহ কিট

1. কিছু আপৎকালীন পরিস্থিতির সময়, কর্মকর্তারা আপনাকে যেখানে আছেন সেখানে থাকার পরামর্শ দিতে পারেন (স্বস্থানে আশ্রয়)। সাধারণত, এর মানে হল যে অগ্নিনির্বাপকরা আগুন নেভানোর সময় বা আপৎকালীন সাড়াদানকারীরা আশেপাশের বিপদ দূর করার সময় নিজের অ্যাপার্টমেন্টে থাকা আপনার পক্ষে সবচেয়ে নিরাপদ।
2. এই নির্দেশিকায় আলোচিত আপৎকালীন প্রণালীগুলি (দেখুন বিভাগ 6, আগুন বা আগুন-বহির্ভূত আপৎকালীন পরিস্থিতিতে কী করতে হবে) ব্যাখ্যা করবে যে কখন স্থান ছেড়ে চলে যেতে হবে এবং কখন স্বস্থানে আশ্রয় নিতে হবে। সমস্ত ক্ষেত্রে, ঘটনাস্থলে থাকা পুলিশ, অগ্নিনির্বাপক বা অন্যান্য আপৎকালীন সাড়াদানকারীদের নির্দেশাবলী অনুসরণ করুন।
3. আপৎকালীন পরিস্থিতিতে যদি আপনার স্বস্থানে আশ্রয় নেওয়ার প্রয়োজন হয়, তাহলে বিপদ কেটে না যাওয়া পর্যন্ত এবং স্বস্থানে-আশ্রয়ের আদেশ প্রত্যাহার না করা পর্যন্ত আপনার বাচ্চাদের স্কুল থেকে নিতে যাওয়ার জন্য আপনার নিরাপদ জায়গাটি ছেড়ে যাবেন না। স্কুলগুলির নিজস্ব স্বস্থানে-আশ্রয় প্রণালী রয়েছে। আপৎকালীন পরিস্থিতির সময় একটি নিরাপদ এলাকা ছেড়ে গিয়ে আপনি শুধুমাত্র নিজেকে বিপদে ফেলবেন।
4. যেসকল আবহাওয়ার আপৎকালীন পরিস্থিতি এবং অন্যান্য আপৎকালীন পরিস্থিতির জন্য আপনার বেশ কয়েক দিন বাড়িতে থাকার প্রয়োজন হতে পারে, সেগুলির জন্য একটি আপৎকালীন সরবরাহ কিট রাখুন। দেখুন বিভাগ 3(A), বাড়ির আপৎকালীন সরবরাহ কিট।

C. কখন স্থান খালি করতে হবে/আপৎকালীন আশ্রয়

1. অবিলম্বে স্থান খালি করুন যখন আপনি:
 - তাৎক্ষণিক বিপদের মধ্যে আছেন।
 - এমন এক ধরনের বিল্ডিংয়ে আছেন যেখানে স্থান খালি করার পরামর্শ দেওয়া হয় এবং আপনি নিরাপদে তা করতে পারেন। বিভাগ 7(A) দেখুন।
 - ঘটনাস্থলে থাকা আপৎকালীন সাড়াদানকারীর কাছ থেকে এটি করার নির্দেশ পেয়েছেন।
 - মেয়র বা অন্যান্য সরকারী কর্তৃপক্ষের কাছ থেকে এটি করার আদেশ পেয়েছেন।
2. যদি আপনাকে আপনার বিল্ডিং ছেড়ে যেতে হয় বা কর্তৃপক্ষ আপনাকে স্থান খালি করার নির্দেশ দেয়, তাহলে বন্ধু বা পরিবারের সাথে বাস করার বন্দোবস্ত করুন। উপকূলীয় ঝড়ের জন্য স্থান খালি করার সময়, সিটি এবং/অথবা এটির অংশীদাররা পাঁচটি বরো জুড়ে উচ্ছেদ কেন্দ্র খুলবে। NYC.gov/knowyourzone থেকে অথবা 311 নম্বরে কল করে (পৃষ্ঠা 3-এ নির্দেশাবলী দেখুন) কোন উচ্ছেদ কেন্দ্র আপনার সবচেয়ে কাছ আছে তা জানুন।

D. আপনার পরিবারের সাথে পুনর্মিলন

আপনার বিল্ডিং ছেড়ে যেতে হলে এবং ফিরে আসতে না পারলে কোথায় দেখা করবেন তা আপনার পরিবার এবং পরিবারের সদস্যদের সাথে আলোচনা করুন।

1. দেখা করার জন্য দুটি স্থান সনাক্ত করুন: একটি আপনার বাড়ির কাছে এবং একটি আপনার পাড়ার বাইরে।
2. এলাকা-বহির্ভূত বন্ধু বা আত্মীয়কে মনোনীত করুন যাকে দুর্ঘটনার সময় আলাদা হয়ে পড়লে পরিবারের সদস্যরা কল করতে পারেন। স্থানীয় কলের চেয়ে দীর্ঘ-দূরত্বে কল করা সহজ হতে পারে। এই এলাকা-বহির্ভূত সংযোগটি আপনাকে অন্যদের সাথে যোগাযোগ করতে সাহায্য করতে পারে।


2. যাদের সহায়তার প্রয়োজন আছে

A. আপনার সাহায্য প্রয়োজন হলে

B. আপনি যদি সাহায্য প্রদান করতে পারেন

A. আপনার সাহায্য প্রয়োজন হলে

1. সহায়তা ছাড়া যদি আপনার বিন্ডিং ছেড়ে যেতে (অথবা আপনি বিন্ডিং থেকে বেরিয়ে আসার পরে অন্য কোথাও যেতে) অসুবিধা হয় সেক্ষেত্রে আগে থেকেই একটি পরিকল্পনা করুন এবং আপনাকে সাহায্য করতে পারে এমন ব্যক্তিদের সনাক্ত করুন।
 - আপনি যদি একা বাস করেন, বা আপনার পরিবারের সদস্যরা কাজ করেন বা আপনাকে সাহায্য করতে সক্ষম না হন, তাহলে প্রতিবেশীদের কাছে সিঁড়ি দিয়ে নামতে সাহায্য চাওয়ার কথা বিবেচনা করুন (আগুন বা বিদ্যুৎ না থাকার ক্ষেত্রে)। তাদের টেলিফোন নম্বর এবং অন্যান্য যোগাযোগের তথ্য হাতের কাছে রাখুন।
 - আপনি যদি স্থান খালি করার জন্য লিফটের উপর নির্ভর করেন, তাহলে বিন্ডিংয়ের মালিক বা ম্যানেজারকে জিজ্ঞাসা করুন যে তারা আপৎকালীন পরিস্থিতির সময় (বা সাধারণ পরিস্থিতিতে রক্ষণাবেক্ষণের জন্য) লিফট পরিষেবা বন্ধ করার আগে আপনাকে আগে থেকে জানাবেন কিনা।
 - যদি আপনার বিন্ডিংয়ে কর্মী থাকে, তাহলে আপনার বিন্ডিংয়ের মালিক বা ম্যানেজারকে জিজ্ঞাসা করুন যে সম্ভব হলে, কর্মীরা আপৎকালীন সাড়াদানকারীদের সতর্ক করতে পারবেন কিনা এবং/অথবা আপনাকে সহায়তা করতে পারবেন কিনা।
 - বিভাগ 6(A)(2) 'স্থান খালি করার সহায়তা'-এ বর্ণিত বিষয়গুলি বিবেচনা করুন।
2. আপনার অ্যাপার্টমেন্টে হুইসেল রাখুন বা বাসনগুলিকে একসাথে বাজান যদি আপনার প্রতিবেশী বা অন্যদের সংকেত দিতে হয় যে আপনার সহায়তা প্রয়োজন।
3. আপনার যোগাযোগের প্রয়োজনীয়তা ব্যাখ্যা করে একটি লিখিত নোট প্রস্তুত করুন এবং প্রস্তুত রাখুন যদি আপনার অন্যদের কথা বোঝার জন্য সহায়তার প্রয়োজন হয় বা অন্যদের আপনার কথা বোঝার জন্য সহায়তার প্রয়োজন হয়। আপনি যদি লিখিতভাবে যোগাযোগ করে থাকেন, তাহলে একটি বহনযোগ্য হোয়াইট বোর্ড, চক বোর্ড বা অন্যান্য ব্যক্তিগত যোগাযোগের উপকরণ কিনে রাখুন।
4. আপনি যদি একটি স্কুটার বা হুইলচেয়ার ব্যবহার করেন, তাহলে পরিবহনের বন্দোবস্ত করতে সহায়তা করার জন্য আপনার উপকরণটির আকার ও ওজন এবং এটি ভাঁজ করা যায় কিনা তা জানুন।



B. আপনি যদি সাহায্য প্রদান করতে পারেন

1. একজন যত্নশীল প্রতিবেশী হোন। আপৎকালীন পরিস্থিতির সময়, যদি এটি করা নিরাপদ হয়, তাহলে এমন প্রতিবেশীদের খোঁজ নিন যাদের সহায়তার প্রয়োজন হতে পারে, বিশেষ করে বয়স্ক এবং অক্ষমতা থাকা ব্যক্তিদের, যাদের সতর্ক করে দেওয়ার প্রয়োজন হতে পারে।

B. গো ব্যাগ (ছোট পিঠের ব্যাগ বিশেষ)

আপনার গো ব্যাগটি শক্তপোক্ত এবং বহন করা সহজ হওয়া উচিত, যেমন একটি ব্যাকপ্যাক বা চাকাযুক্ত একটি ছোট স্যুটকেস। আপনাকে আপনার গো ব্যাগটিতে আপনার ব্যক্তিগত প্রয়োজন অনুসারে জিনিসপত্র রাখতে হবে, তবে আপনার গো ব্যাগে থাকা প্রয়োজন এমন কিছু গুরুত্বপূর্ণ জিনিসের মধ্যে রয়েছে:

- ✓ জলরোধক এবং বহনযোগ্য পাত্রের মধ্যে আপনার গুরুত্বপূর্ণ নথির কপি (বিমা কার্ড, জন্মের সার্টিফিকেট, দলিল, ফটো ID, ঠিকানার প্রমাণ ইত্যাদি)
- ✓ গাড়ি এবং বাড়ির চাবির অতিরিক্ত সেট
- ✓ ক্রেডিট/ATM কার্ডের কপি
- ✓ নগদ অর্থ (অল্প অঙ্কের খুচরোয়)
- ✓ বোতলজাত জল এবং অপচনশীল খাবার, যেমন এনার্জি বা গ্রানোলা বার
- ✓ টর্চলাইট
- ✓ ব্যাটারি-চালিত AM/FM রেডিও
- ✓ অতিরিক্ত ব্যাটারি/চার্জার
- ✓ চিকিৎসাগত জিনিসপত্র, যার মধ্যে আছে:
 - প্রাথমিক চিকিৎসার কিট
 - আপনি নিয়মিত ব্যবহার করেন এমন কোনো ওষুধ বা চিকিৎসা সামগ্রীর অন্তত এক সপ্তাহের সরবরাহ
 - চিকিৎসা বিমা, মেডিকেশ্যার এবং মেডিকেড কার্ড
 - ওষুধের একটি তালিকা (এবং ডোজ)
 - চিকিত্সকদের নাম এবং যোগাযোগের তথ্য
 - চিকিৎসাগত অবস্থা, অ্যালার্জি এবং চিকিৎসাগত সরঞ্জাম সম্পর্কে তথ্য।
- ✓ প্রসাধন সামগ্রী
- ✓ নোটপ্যাড এবং পেন
- ✓ আপনার পরিবারের জন্য যোগাযোগ এবং দেখা করার স্থান সংক্রান্ত তথ্য
- ✓ হালকা বর্ষাতি এবং কষল
- ✓ আপনাকে স্বাচ্ছন্দ্য দিতে বা ভুলিয়ে রাখতে পারে এমন জিনিসপত্র, যেমন একটি বই বা তাস
- ✓ গেম এবং ছোট খেলনা সহ শিশু পরিচর্যা সরবরাহ।
- ✓ পোষা প্রাণী এবং পরিষেবা প্রাণীদের জন্য:
 - আপনার পোষা প্রাণী বা পরিষেবা প্রাণীর একটি বর্তমান রঙিন ছবি (অথবা আরও ভালো হয়, আপনাদের একসাথে একটি ছবি থাকলে, পাছে আপনি বিচ্ছিন্ন হয়ে পড়েন)
 - পশুচিকিত্সকের নাম এবং যোগাযোগের তথ্য
 - মালিকানা, নিবন্ধন, মাইক্রোচিপ এবং টিকা দেওয়ার তথ্য।
 - খাদ্য এবং জলের পাত্র
 - বকলেস এবং (যদি প্রয়োজন হয়) মুখবন্ধ
 - আপনার পোষা প্রাণী বা পরিষেবা প্রাণীকে শান্ত রাখতে সাহায্য করার জন্য ক্যারিয়ারের উপরে বিছানোর জন্য সুতির কাপড়
 - সাফাই করার জন্য প্লাস্টিকের ব্যাগ



4. বাড়ির নিরাপত্তা এবং আগুন প্রতিরোধ

- A. বাড়ির নিরাপত্তা উপকরণ
- B. নিরাপদে বাড়ি গরম রাখা
- C. লিথিয়াম-আয়ন ব্যাটারি ই-নিরাপত্তা
- D. আগুন প্রতিরোধের অতিরিক্ত পরামর্শ
- E. ছোটখাট আগুন নেভানো

আপনার বাড়ির নিরাপত্তা উপকরণগুলিকে কার্যকরী রেখে, আপনার বাড়ি নিরাপদে গরম করে এবং আগুন ধরার আগেই তা প্রতিরোধ করে আপনার বাড়ি সুরক্ষিত আছে তা নিশ্চিত করার মাধ্যমে আপনি আগ্নিকাগু বা অন্য আপৎকালীন পরিস্থিতি প্রতিরোধ করতে পারেন।

A. বাড়ির নিরাপত্তা উপকরণ

1. ধোঁয়া এবং কার্বন মনোক্সাইড অ্যালার্ম

- আপনার অ্যাপার্টমেন্টে ধোঁয়ার অ্যালার্ম (এটিকে স্মোক ডিটেক্টরও বলা হয়) এবং কার্বন মনোক্সাইড অ্যালার্ম আছে তা নিশ্চিত করুন। নিউ ইয়র্ক সিটির আইন অনুসারে বাড়িওয়ালা এবং অন্যান্য মালিকদের প্রতিটি বেডরুমে এবং বেসমেন্টে প্রবেশের 15 ফুটের মধ্যে ধোঁয়া এবং কার্বন মনোক্সাইড অ্যালার্ম লাগানো প্রয়োজন। (নতুন বিল্ডিংগুলিতে প্রতিটি বেডরুমের মধ্যেও অবশ্যই একটি থাকতে হবে।)
- সম্মিলিত ধোঁয়া/কার্বন মনোক্সাইড অ্যালার্ম ব্যবহার করা হতে পারে।
- নিশ্চিত করুন যে অ্যালার্মগুলি এখনও কাজ করছে। ভাড়াটেরা নিজেদের অ্যাপার্টমেন্টে ধোঁয়া এবং কার্বন মনোক্সাইড অ্যালার্মের রক্ষণাবেক্ষণের জন্য দায়িত্বশীল থাকেন।
- প্রতি মাসে অন্তত একবার টেস্ট বোতাম টিপে উপকরণগুলি পরীক্ষা করুন।
- নতুন মডেলগুলি বিদ্যুত চালিত হয় বা একটি অন্তর্নির্মিত 10-বছর আয়ুর ব্যাটারি থাকে।
- পুরনো মডেলগুলির ব্যাটারি খুলে নেওয়া যায়। বছরে অন্তত দুবার ব্যাটারি পাল্টান (আপনার বসন্ত এবং শরতকালে ঘড়ি পরিবর্তন করার সময়টি উপযুক্ত)। যদি অ্যালার্ম কোনো শব্দ করে যা নির্দেশ দেয় যে ব্যাটারি কমে গেছে তাহলে অবিলম্বে ব্যাটারি পাল্টান।
- ধোঁয়া এবং কার্বন মনোক্সাইড অ্যালার্ম অবশ্যই প্রস্তুতকারকের সুপারিশ অনুসারে, তবে প্রতি 10 বছরে অন্তত একবার পাল্টানো উচিত।



2. সহায়ক ডিভাইস

- যদি আপনি বা আপনার পরিবারের কোনো সদস্য বধির হন বা সীমিত শ্রবণশক্তি থাকে, তাহলে বিল্ডিংয়ের মালিক বা ম্যানেজারের সাথে ধোঁয়া/কার্বন মনোক্সাইড ডিটেক্টর উপকরণগুলি লাগানোর বিষয়ে পরামর্শ করুন যা একটি চাক্ষুষ (আলোর ঝিলিক) বা স্পর্শকাতর (কম্পন) সতর্কতা সক্রিয় করে।
- আরও তথ্যের জন্য দেখুন, বিভাগ 7, আপৎকালীন প্রস্তুতির সংস্থান।

B. নিরাপদে বাড়ি গরম রাখা

1. আপনি যদি নিশ্চিত না হন যে আপনার তাপের উৎস নিরাপদ কিনা তাহলে আগুন পরিদর্শনের জন্য 311 নম্বরে কল করুন (পৃষ্ঠা 3-এ নির্দেশাবলী দেখুন)।
2. আপনার যদি একটি বহনযোগ্য হিটারের প্রয়োজন হয়, তাহলে শুধুমাত্র অভ্যন্তরীণ ব্যবহারের জন্য অনুমোদিত বহনযোগ্য বৈদ্যুতিক হিটার (যার উত্তপ্ত হওয়ার উপাদানগুলি ঘেরা থাকে) ব্যবহার করুন। আপনার অ্যাপার্টমেন্ট গরম করার জন্য আপনার স্টেভ বা ওভেন ব্যবহার করবেন না। কেরোসিন বা প্রোপেন হিটার ব্যবহার করবেন না, যা নিউ ইয়র্ক সিটিতে অভ্যন্তরীণ ব্যবহারের জন্য বিপজ্জনক এবং বেআইনি।
3. বহনযোগ্য হিটার চালানোর জন্য প্রয়োজনীয় বিদ্যুৎ প্রবাহ পরীক্ষা করুন। নিশ্চিত করুন যে এটি নিরাপদে পরিবারের একটি স্ট্যান্ডার্ড বৈদ্যুতিক সার্কিটে কাজ করতে পারে। দেখুন বিভাগ 4(C), আগুন প্রতিরোধের পরামর্শ।
4. হিটারটি চালু থাকাকালীন সময়ে সময়ে তা পরীক্ষা করুন এবং আপনি অ্যাপার্টমেন্ট থেকে বের হওয়া বা ঘুমাতে যাওয়ার সময় এটি বন্ধ করুন। একটি বহনযোগ্য স্পেস হিটার চালু থাকা অবস্থায় বাচ্চাদের কখনই একটি ঘরে একা রাখবেন না।
5. আসবাবপত্র, আলগা কাপড়, কাপের্ট ও কাগজ সহ আগুন ধরতে পারে এমন সমস্ত গৃহস্থালীর সামগ্রী থেকে তাপের উত্সটিকে কমপক্ষে তিন ফুট দূরে রাখুন। স্পেস হিটারের উপর কখনোই কাপড় শুকাতে দেবেন না।

C. লিথিয়াম-আয়ন ব্যাটারি ই-নিরাপত্তা

(লিথিয়াম-আয়ন ব্যাটারি-চালিত মাইক্রোমোবিলিটি ডিভাইসগুলির সাথে সংশ্লিষ্ট অগ্নি নিরাপত্তা সংক্রান্ত বিপদ)

1. লিথিয়াম-আয়ন ব্যাটারি নিউ ইয়র্ক সিটিতে আগুন লাগা এবং অগ্নিকাণ্ডে মৃত্যুর একটি প্রধান কারণ হয়ে উঠেছে। ব্যাটারিগুলি মাইক্রোমোবিলিটি ডিভাইস যেমন ই-বাইক, ই-স্কুটার, হোভারবোর্ড এবং অন্যান্য উপকরণে পাওয়া যায়। এই ব্যাটারি থেকে লাগা আগুন বিস্ফোরক, দ্রুত গতিশীল এবং ধ্বংসাত্মক হয়।
2. NYC-তে সাম্প্রতিক বছরগুলিতে একাধিক বাড়িতে আগুন, অগ্নিকাণ্ড থেকে আঘাত এবং অগ্নিকাণ্ড থেকে প্রাণহানি বেড়ে গেছে।

বছর	আগুন	আঘাত	প্রাণহানি
2022	99	114	5
2023	106	94	7
2024 (10/21/2024 অনুযায়ী)	85	67	3

3. বিশেষ করে যে লিথিয়াম-আয়ন ব্যাটারিগুলি ক্ষতিগ্রস্ত হয়েছে বা যেগুলির ক্ষতি করা হয়েছে সেগুলি বিপজ্জনক। এমনই একটি ব্যাটারি সিটির রাস্তায় ফেলে দেওয়া হয়েছিল যা 10 মিনিট ধরে জ্বলেছিল, ক্রমাগত বিস্ফোরণ হয়েছিল এবং জ্বলন্ত ধ্বংসাবশেষ ছড়িয়ে পড়েছিল। ভিডিওটি এখানে দেখুন: <https://www.youtube.com/watch?v=abSwgIkPj20&t=1s>
4. লিথিয়াম-আয়ন ব্যাটারির নিরাপদ নিষ্পত্তি সম্পর্কিত তথ্যের জন্য, দেখুন www.FDNYsmart.org

অবিলম্বে আপনার লিথিয়াম-আয়ন ব্যাটারি চার্জ করা বন্ধ করুন এবং 911
নম্বরে কল করুন যদি আপনার নজরে আসে:

- আগুন বা ধোঁয়া
- ব্যাটারির অতিরিক্ত উত্তাপ
- ব্যাটারি আকৃতি বা রঙ পরিবর্তন
- ব্যাটারি থেকে অদ্ভুত শব্দ
- ব্যাটারিতে লিক
- ব্যাটারির অদ্ভুত গন্ধ
- ব্যাটারি ক্ষতিগ্রস্ত হয়েছে বা এটির ক্ষতি করা হয়েছে

ই-নিরাপদ হতে যা করা প্রয়োজন তা এখানে দেওয়া হয়েছে

- শুধুমাত্র একটি স্বীকৃত পরীক্ষাগার দ্বারা প্রত্যয়িত লিথিয়াম-আয়ন ব্যাটারি চালিত ই-বাইক বা অন্যান্য মাইক্রোমোবিলিটি ডিভাইস কিনুন। UL স্ট্যান্ডার্ড 2849, 2272 বা 2271-এর উল্লেখ আছে এমন একটি UL বা অন্যান্য স্বীকৃত পরীক্ষাগারের চিহ্ন আছে কিনা দেখে নিন।
 - কেন? এই সার্টিফিকেট প্রমাণ দেয় যে এই পণ্যগুলি শিল্পের মানদণ্ড পূরণ করে এবং সাধারণ পরিস্থিতিতে চালানো নিরাপদ।
- ডিভাইসের সাথে সরবরাহ করা আসল ব্যাটারি, পাওয়ার অ্যাডাপ্টার এবং পাওয়ার কর্ড অথবা পরিবর্তে যেগুলি প্রস্তুতকারক-সুপারিশকৃত বা স্বীকৃত পরীক্ষাগার-প্রত্যয়িত সেগুলি ব্যবহার করুন।
 - অননুমোদিত চার্জার/ব্যাটারি কখনোই ব্যবহার করবেন না, এমনকি সেগুলির দাম কম হলেও না।
 - কেন? অপ্রত্যয়িত ব্যাটারি বা চার্জারগুলি আপনার পণ্যের সাথে কাজ করার জন্য ডিজাইন করা নাও হতে পারে।
 - ফলাফল: একটি অননুমোদিত ব্যাটারি অতিরিক্ত চার্জ হয়ে যেতে পারে, অতিরিক্ত গরম হয়ে যেতে পারে এবং আগুন ধরে যেতে পারে।
- চার্জ করার সময় ই-বাইকটিকে সরাসরি একটি দেওয়ালে লাগানো বৈদ্যুতিক আউটলেটে প্লাগ করুন।
 - এক্সটেনশন কর্ড বা পাওয়ার স্ট্রিপ দিয়ে কখনও লিথিয়াম-আয়ন ব্যাটারি চার্জ করবেন না।
 - কেন? এই ব্যাটারিগুলির জন্য প্রচুর বৈদ্যুতিক প্রবাহের প্রয়োজন হয়, যা বেশিরভাগ এক্সটেনশন কর্ড এবং পাওয়ার স্ট্রিপগুলি যতটা সামলাতে পারে তার চাইতে বেশি হয়।
 - ফলাফল: এক্সটেনশন কর্ড বা পাওয়ার স্ট্রিপ অতিরিক্ত গরম হয়ে যেতে পারে এবং আগুন লেগে যেতে পারে।
- সম্ভব হলে আপনার ই-বাইক বা অন্যান্য উপকরণ একটি নিরাপদ ব্যবস্থাপনায় চার্জ করুন, আপনার অ্যাপার্টমেন্টে নয়। আপনার বিল্ডিংয়ে বা নিয়োগকর্তাকে জিজ্ঞাসা করুন যে তারা একটি নিরাপদ চার্জিং এবং স্টোরেজ ব্যবস্থাপনা প্রদান করতে পারে কিনা।
 - কেন? লিথিয়াম-আয়ন ব্যাটারি প্রচুর শক্তি সঞ্চয় করে এবং এগুলি অতিরিক্ত গরম হয়ে উঠলে তীব্র শক্তি মুক্ত করে। বেশিরভাগ অ্যাপার্টমেন্টে স্প্রিংকলার নেই এবং অনেক আসবাবপত্র এবং গৃহস্থালির জিনিসপত্র অত্যন্ত দাহ্য হয়ে থাকে।
 - ফলাফল: আপনার অ্যাপার্টমেন্টে লাগা আগুন বিধ্বংসী হতে পারে।

- **আগুন লাগলে অ্যাপার্টমেন্ট থেকে বেরিয়ে আসার পথ আছে তা নিশ্চিত করুন!**
 - পালানোর জন্য ব্যবহার করা যেতে পারে অ্যাপার্টমেন্টের এমন দরজা বা জানালার পাশে কখনোই আপনার লিথিয়াম-আয়ন ব্যাটারি চার্জ করবেন না বা ব্যাটারি মজুত করবেন না।
- **আপনার ই-বাইক বা ই-বাইকের ব্যাটারি চার্জ হওয়ার সময় তার উপর নজর রাখুন।**
 - প্রস্তুতকারকের চার্জ এবং মজুত করার নির্দেশাবলী পড়ুন এবং সেগুলি অনুসরণ করুন।
 - কখনোই সারারাত ধরে বা আপনি অ্যাপার্টমেন্ট না থাকার সময় ব্যাটারি চার্জ করবেন না।
 - কখনোই আপনার বিছানা বা সোফার উপরে বা কাছে অথবা আলগা কাপড়, কাগজপত্র বা অন্যান্য দাহ্য পদার্থের কাছাকাছি ই-বাইক বা ই-বাইকের ব্যাটারি চার্জ করবেন না

D. আগুন প্রতিরোধের অতিরিক্ত পরামর্শ

1. আগুন জ্বলা অবস্থায় ফেলে দেওয়া, আকস্মিকভাবে ছেড়ে যাওয়া এবং অসতর্কভাবে সামলানো সিগারেটগুলি অগ্নিকাণ্ডে মৃত্যুর একটি প্রধান কারণ। বিছানায় বা তন্দ্রাচ্ছন্ন অবস্থায় কখনই ধূমপান করবেন না এবং সোফা বা অন্যান্য আচ্ছাদিত আসবাবপত্রে বসে ধূমপান করার সময় বিশেষভাবে সতর্ক থাকুন। নিশ্চিত হোন যে আপনি এমন একটি অ্যাশট্রে'র মধ্যে প্রতিটি সিগারেট সম্পূর্ণরূপে নিভিয়ে ফেলেছেন যা গভীর এবং উপচে পড়ে না। আসবাবপত্রের উপরে কখনই জ্বলন্ত বা ধূমায়িত সিগারেট রাখবেন না।
2. দেশলাই এবং লাইটার শিশুদের হাতে এলে তা মারাত্মক হতে পারে। এগুলিকে বাচ্চাদের নাগালের বাইরে মজুত করুন এবং আগুনের বিপদ সম্পর্কে তাদের শেখান।
3. কেউ না থাকলে রান্না ছেড়ে যাবেন না। স্টোভের উপরটি খালি রাখুন এবং আগুন ধরতে পারে এমন জিনিসগুলি থেকে মুক্ত রাখুন। আপনি ঘুমাতে যাওয়ার আগে, আপনার স্টোভ ও ওভেন যে বন্ধ আছে তা নিশ্চিত করতে আপনার রান্নাঘরটি পরীক্ষা করুন।
4. উত্তপ্ত হওয়ার উপাদানযুক্ত কফির পাত্র, হট প্লেট এবং অন্যান্য বৈদ্যুতিক উপকরণগুলির উপর নজর রাখুন। যখন প্রয়োজন নেই তখন সেগুলিকে চালু করে রাখবেন না। রাতে বা বাড়িতে কেউ না থাকার সময়ে সেগুলি যে বন্ধ আছে তা নিশ্চিত করুন।
5. বৈদ্যুতিক আউটলেটগুলির প্লাগে অনেকগুলি উপকরণ কখনোই লাগাবেন না। গৃহস্থালীর বড় যন্ত্রপাতি বা এয়ার কন্ডিশনারগুলির জন্য নির্ধারিত আউটলেটগুলি বাদে, গৃহস্থালীর বেশিরভাগ আউটলেট 15 অ্যাম্পিয়ার বিদ্যুত প্রবাহ সরবরাহ করে। মাইক্রোওয়েভ, টোস্টার, কফি পট, হট প্লেট এবং উল্লেখযোগ্য পরিমাণে কারেন্ট ব্যবহার করে এমন অন্যান্য উপকরণ সহ গৃহস্থালীর যন্ত্রপাতিগুলি কী পরিমাণ বিদ্যুত প্রবাহ ব্যবহার করে তা পরীক্ষা না করে সেগুলিকে একই বৈদ্যুতিক আউটলেটে লাগাবেন না।
6. বিদ্যুতের কোনো তার ফেটে গেলে বা ঘষে ক্ষয়ে গেলে সেটি পাল্টে নিন। কার্পেটের নীচ দিয়ে কখনোই এক্সটেনশন কর্ড নিয়ে যাবেন না। শুধুমাত্র সার্কিট-ব্রেকারযুক্ত পাওয়ার স্ট্রিপই ব্যবহার করুন।

7. যে সমস্ত দরজা এবং জানালা দিয়ে আগুন লাগার সময় পালানোর পথে যাওয়া যায় সেগুলিকে বাধামুক্ত রাখুন।
8. হলওয়ে, সিঁড়ি, আগুন লাগার সময় পালানোর পথ বা বাইরে বেরনোর অন্যান্য পথগুলিতে কোনো বাধা বা আবর্জনা জমা হলে বিল্ডিংয়ের মালিক বা ম্যানেজারকে রিপোর্ট করুন।
9. নিরাপত্তার কারণে চরম প্রয়োজনীয় হলে শুধুমাত্র সেক্ষেত্রেই জানলায় গেট বসানো উচিত। শুধুমাত্র দমকল বিভাগ-অনুমোদিত জানলার গেট বসান।
 - চাবি বা কব্বিনেশন লকযুক্ত জানালার গেট বসাবেন না। চাবি বা কব্বিনেশন খুঁজে পেতে বা ব্যবহার করতে দেরি হলে প্রাণ হানি হতে পারে।
 - নিজেই এবং আপনার পরিবারের সদস্যদের জানালার গেট লাগানোর কাজটির সাথে পরিচিত করুন।
 - জানলার গেট লাগানোর মেকানিজমের রক্ষণাবেক্ষণ করুন যাতে এটি মসৃণভাবে খোলে। কোনো আসবাবপত্র বা ব্যক্তিগত জিনিসপত্র এমন জায়গায় রাখবেন না যাতে সেগুলি জানালার গেট খুলতে বাধা দেয়।
10. নিজেই এবং আপনার পরিবারের সদস্যদের বিল্ডিংয়ের সমস্ত সিঁড়ির অবস্থান, আগুন লাগার সময় পালানোর পথ এবং প্রস্থান ও সেগুলিতে যাওয়ার পথের সাথে পরিচিত করুন।
11. আপনার পরিবারের সদস্যদের সাথে, বিল্ডিংয়ে আগুন লাগলে ব্যবহার করার জন্য একটি আপৎকালীন পালানোর পথের পরিকল্পনা প্রস্তুত রাখুন। আপনার বিল্ডিং থেকে নিরাপদ দূরত্বে একটি দেখা করার জায়গা বেছে নিন যেখানে আগুন লাগার সময় আপনারা বিচ্ছিন্ন হয়ে গেলে আপনাদের সকলের মিলিত হওয়া উচিত।
12. ক্রিসমাস ট্রি এবং ছুটির মরশুমের ফুলের তোড়া সহ তাজা কাটা আলংকারিক সবুজ পাতাগুলির ব্যবহার এবং লাগানোর ক্ষেত্রে সতর্কতা অবলম্বন করুন। সম্ভব হলে সেগুলিকে পুঁতে বা জলে রাখুন। এগুলিকে সর্বজনীন হলওয়েতে বা এমন কোনো জায়গায় রাখবেন না যেখানে রাখলে সেগুলি আপনার অ্যাপার্টমেন্টে আগুন লেগে গেলে সেখান থেকে বাইরে বেরনোর পথে বাধা দিতে পারে। মোমবাতি এবং ফায়ারপ্লেস সহ যেকোনো শিখা থেকে সেগুলিকে দূরে রাখুন। দীর্ঘ সময় ধরে রেখে দেবেন না; যেহেতু শুকিয়ে গেলে, আলংকারিক পাতাগুলি সহজেই দাহ্য হয়ে ওঠে।
13. প্রোপেন, কাঠকয়লা বা বাড়ির ভিতরে রাখার অন্যান্য বহনযোগ্য গ্রিল ব্যবহার করবেন না।
14. তরল অ্যালকোহল বা অন্যান্য দাহ্য তরল ব্যবহার করা হয় এমন আলংকারিক ফায়ারপ্লেসগুলি হল একটি সম্ভাব্য আগুনের বিপদ। তরল সহজে ছড়িয়ে পড়তে এবং দ্রুত জ্বলে উঠতে পারে। আরও তথ্যের জন্য দেখুন, বিভাগ 7, আপৎকালীন প্রস্তুতির সংস্থান।

E. ছোটখাট আগুন নেভানো

1. আগুন ছড়িয়ে পড়ার পরে আপনি তা নেভাবেন বলে আশা করা হয় না। পরিবর্তে:
 - সকলকে অ্যাপার্টমেন্ট থেকে বের করে দিন।
 - অবিলম্বে বেরিয়ে যান এবং আপনার পিছনে অ্যাপার্টমেন্টের দরজা বন্ধ করে দিন। (এটি খুবই গুরুত্বপূর্ণ।)
 - আপনি নিরাপদ স্থানে পৌঁছানোর সাথে সাথে 911 নম্বরে কল করে আগুন লাগার খবর দিন। (যদি আপনার বিল্ডিংয়ে ফায়ার অ্যালার্ম সিস্টেম থাকে, তাহলে আপনি বিল্ডিং থেকে বের হওয়ার সময় ফায়ার অ্যালার্ম সক্রিয় করতে ম্যানুয়াল পুল স্টেশনটি ব্যবহার করুন।)
 - বিল্ডিংয়ের কোনো কর্মীকে জানান।
2. ছড়িয়ে পড়েনি এমন আগুনের জন্য আপনি একটি বহনযোগ্য অগ্নি নির্বাপক যন্ত্র ব্যবহার করতে পারেন। স্ট্যান্ডার্ড ABC-টাইপ (শুকনো রাসায়নিক) বহনযোগ্য অগ্নি নির্বাপক যন্ত্রগুলি স্টোভের-উপরের আগুন বাদে গৃহস্থালীর আগুন নেভানোর জন্য ডিজাইন করা হয়েছে। স্টোভের-উপরের গ্রিড/তেলের আগুনের ক্ষেত্রে প্যান বা পাত্র দিয়ে ঢেকে দিন এবং/অথবা একটি বেকিং সোডা বা ভেজা বহনযোগ্য অগ্নি নির্বাপক যন্ত্র (ক্লাস K লেবেলযুক্ত) ব্যবহার করুন।
3. একটি বহনযোগ্য অগ্নি নির্বাপক যন্ত্র ব্যবহার করতে, P.A.S.S. কথাটি মনে রাখুন:
 - টানুন (Pull)
 - তাক করুন (Aim)
 - চাপ দিন (Squeeze)
 - দ্রুত সরান (Sweep)

5. আপনার বিল্ডিং সম্পর্কে জানুন

আপনার বিল্ডিংয়ের নির্মাণ এবং অগ্নি সুরক্ষা ব্যবস্থার ধরনগুলি সম্পর্কে জানুন। এটি আপনাকে আপনার বিল্ডিংয়ে আগুন বা আগুন-বহির্ভূত আপৎকালীন পরিস্থিতির ক্ষেত্রে অবহিত সিদ্ধান্ত নিতে সাহায্য করবে।

- বিল্ডিং নির্মাণ: আপনার বিল্ডিং কি আগুনরোধী (অ-দাহ্য) উপাদান নাকি অ-আগুনরোধী (দাহ্য) উপাদান দিয়ে তৈরি?
- বিল্ডিংয়ের আগুন সুরক্ষা ব্যবস্থা: আপনার বিল্ডিং কি স্প্রিংকলার সিস্টেম (জেল ছোটানোর ব্যবস্থা) দ্বারা সুরক্ষিত? এতে কি ফায়ার অ্যালার্ম সিস্টেম বা বিল্ডিং কমিউনিকেশন সিস্টেম (যোগাযোগ ব্যবস্থা) আছে?

1. নির্বাপক যন্ত্রটি সোজা করে ধরে রাখুন এবং রিং (নিরাপত্তা) পিনটি টানুন



2. আগুন থেকে দূরে সরে দাঁড়ান এবং আপনার সবচেয়ে কাছাকাছি থাকা আগুনের গোড়ার দিকে লক্ষ্য রাখুন



3. হ্যান্ডলগুলিকে একসাথে চেপে ধরুন এবং নির্বাপক যন্ত্রের ধারাটিকে পাশাপাশি দ্রুত সরান



**PASS - এই সহজ শব্দটি মনে রাখুন
পুল এম স্কুইজ সুইপ**

- নিরাপদে বের হওয়া (বাইরে বেরনোর উপায়): আপৎকালীন পরিস্থিতিতে আমি কীভাবে বিল্ডিং থেকে বের হতে পারি? সিঁড়ি এবং অন্যান্য প্রস্থান দিয়ে আমি কোথায় পৌঁছাতে পারি: রাস্তায়, লবিতে, পিছনের উঠানে নাকি অন্য জায়গায়?

আপনার বিল্ডিংয়ের মালিকের কাছ থেকে আপনি যে বিল্ডিংয়ের তথ্য পত্রটি পেয়েছেন তা পর্যালোচনা করুন। অ্যাপার্টমেন্ট বিল্ডিংয়ের মালিকদের (তিন বা ততোধিক অ্যাপার্টমেন্ট) বিল্ডিংয়ের তথ্য পত্র এবং নিউ ইয়র্ক সিটি অ্যাপার্টমেন্ট বিল্ডিং আপৎকালীন প্রস্তুতির নির্দেশিকা তৈরি এবং সমস্ত বাসিন্দা ও বিল্ডিংয়ের কর্মীদের মধ্যে বিতরণ করতে হবে। তাদের আপনার অ্যাপার্টমেন্টের প্রবেশ দরজার ভিতরে এবং লবি বা সাধারণ এলাকায় একটি আপৎকালীন প্রস্তুতির বিজ্ঞপ্তি পোস্ট করতে হবে।

- A. বিল্ডিং নির্মাণ
- B. আগুন সুরক্ষা ব্যবস্থা
- C. নিরাপদে বের হওয়া (বাইরে বেরনোর উপায়)
- D. অ্যাপার্টমেন্ট সনাক্তকরণ এবং আগুনের আপৎকালীন পরিস্থিতির চিহ্ন

A. বিল্ডিং নির্মাণ

1. অ-দাহ্য বিল্ডিং। একটি "অ-দাহ্য" বা "আগুনরোধী" বিল্ডিং হল এমন একটি বিল্ডিং যার কাঠামোগত উপাদানগুলি (বিল্ডিংয়ের অবলম্বনের উপাদান, যেমন স্টিল বা রিইনফোর্সড কংক্রিট বিম এবং মেঝে) এমন উপাদান দিয়ে নির্মাণ করা হয় যা জ্বলে না বা আগুন প্রতিরোধী এবং সেই কারণে আগুন ছড়িয়ে পড়তে সাহায্য করবে না। এই ধরনের বিল্ডিংগুলিতে, অ্যাপার্টমেন্ট বা সেটির যে অংশে প্রথমে আগুন লাগে সেখানেই আটকে থাকার সম্ভাবনা বেশি থাকে এবং বিল্ডিংয়ের দেওয়াল ছাড়িয়ে অন্যান্য অ্যাপার্টমেন্টে এবং মেঝেতে ছড়িয়ে পড়ার সম্ভাবনা কম থাকে।

- এর মানে এই নয় যে একটি অ-দাহ্য বিল্ডিং আগুন প্রতিরোধী। বিল্ডিংয়ের কাঠামোগত উপাদানগুলিতে আগুন ধরতে না পারলেও বিল্ডিংয়ের সমস্ত সামগ্রীতে (আসবাবপত্র, কার্পেটিং, কাঠের মেঝে, সজ্জা এবং ব্যক্তিগত জিনিসপত্র সহ) আগুন ধরতে পারে এবং শিখা, তাপ ও প্রচুর পরিমাণে ধোঁয়া এবং কার্বন মনোক্সাইড উৎপন্ন করতে পারে, যা পুরো বিল্ডিং জুড়ে ঘুরে বেড়াতে পারে, বিশেষ করে যদি অ্যাপার্টমেন্ট বা সিঁড়ির দরজা খোলা থাকে।



2. দাহ্য বিল্ডিং। একটি "দাহ্য" বা "অ-আগুনরোধী" বিল্ডিংয়ে কাঠ বা অন্য কাঠামো থাকে যা আগুনের সংস্পর্শে এলে পুড়ে যাবে। একটি অ্যাপার্টমেন্টের জ্বলন্ত সামগ্রী থেকে বিল্ডিংয়ের দেয়ালে ছড়িয়ে পড়া আগুন দেয়ালগুলির অভ্যন্তরে ছড়িয়ে পড়তে পারে এবং সমগ্র বিল্ডিংকে বিপন্ন করে দিতে পারে।

আপনার বিল্ডিংয়ের নির্মাণ দাহ্য নাকি অ-দাহ্য তা দেখতে আপনার 'বিল্ডিংয়ের তথ্য পত্র' দেখুন।

B. আগুন সুরক্ষা ব্যবস্থা

নির্মাণের ধরন নির্বিশেষে, আপনার বিল্ডিং আগুন সুরক্ষা ব্যবস্থা দ্বারা সুরক্ষিত হতে পারে যা আগুন সনাক্ত করে এবং/অথবা আগুন প্রতিরোধে সাহায্য করে এবং বিল্ডিংয়ের বাসিন্দাদের আগাম সতর্ক করে।

1. আগুন থেকে বিচ্ছিন্ন রাখা। বেশিরভাগ অ্যাপার্টমেন্টে শিটরক দেয়াল এবং সিলিং এবং ফায়ার-রেটেড ধাতব দরজা থাকে। অনেক বিল্ডিংয়ে ঢাকা সিঁড়িও রয়েছে (সেগুলির নিজস্ব দেয়াল এবং দরজা দিয়ে ঘেরা)। শিটরক এবং ফায়ার-রেটেড দরজা হল "প্যাসিভ" আগুন সুরক্ষা ব্যবস্থা যা কিছু সময়ের জন্য আগুন ধরে রাখার জন্য ডিজাইন করা হয়েছে, যাতে দমকল বিভাগ সাড়া দিতে এবং আগুন নেভাতে পারে এবং বিল্ডিংয়ের বাসিন্দাদের উদ্ধার করতে পারে।
 - অ্যাপার্টমেন্টে আগুন লাগলে বাইরে যাওয়ার সময় আপনার অ্যাপার্টমেন্টের দরজা সবসময় বন্ধ করে রাখুন। অ্যাপার্টমেন্টে আগুন লেগে থাকার সময় অ্যাপার্টমেন্টের দরজা খোলা রাখলে আগুন অ্যাপার্টমেন্টের বাইরে ছড়িয়ে পড়তে পারে।
 - খোলা সিঁড়ির দরজা কখনই আটকে/বুজিয়ে দেবেন না। সিঁড়ির দরজা সব সময় বন্ধ রাখা উচিত।
2. স্প্রিংকলার সিস্টেম। স্প্রিংকলার সিস্টেম আগুনে জল ছিটিয়ে আগুন নেভানোর জন্য ডিজাইন করা হয়েছে। সিলিংয়ে থাকা একটি স্প্রিংকলার হেড আগুনের উত্তাপ সনাক্ত করে এবং স্বয়ংক্রিয়ভাবে ছাদে থাকা পাইপ থেকে জল নির্গমন করে। এটি রাস্তা থেকে শোনা যায় এমন একটি অ্যালার্মও বাজায়, বা, বেশিরভাগ নতুন বিল্ডিংগুলিতে, একটি ফায়ার অ্যালার্ম কোম্পানির কেন্দ্রীয় পর্যবেক্ষণ স্টেশনে একটি অ্যালার্ম পাঠায়।
 - স্প্রিংকলারগুলি আগুনের ছড়িয়ে পড়া রোধ করার পক্ষে ভাল, তবে আগুন তাসত্ত্বেও প্রচুর পরিমাণে ধোঁয়া তৈরি করতে পারে। ধোঁয়ার ছড়িয়ে পড়লে তা অন্যান্য বিল্ডিংয়ের বাসিন্দাদের জন্য প্রাণ-সংশয়কারী হতে পারে। আপনি বেরিয়ে যাওয়ার সময় অ্যাপার্টমেন্টের দরজা সবসময় বন্ধ করুন।
 - 2000 সাল থেকে নির্মিত অ্যাপার্টমেন্ট বিল্ডিংগুলি সাধারণত একটি স্প্রিংকলার সিস্টেম দ্বারা সুরক্ষিত থাকে। আগের বিল্ডিংগুলিতে সাধারণত পুরো বিল্ডিং জুড়ে স্প্রিংকলার সিস্টেম থাকে না। কয়েকটির খোলা সিঁড়ি, কম্প্যাক্টর রুম বা অন্যান্য এলাকায় আংশিক স্প্রিংকলার সিস্টেম থাকে।
3. আপেক্ষিক ভয়েস কমিউনিকেশন সিস্টেম। 2009 সাল থেকে নির্মিত বেশিরভাগ উঁচু অ্যাপার্টমেন্ট বিল্ডিং যেগুলি 12 তলা বা 125 ফুটের চেয়ে লম্বা সেগুলিতে বিল্ডিং-জুড়ে আপেক্ষিক ভয়েস কমিউনিকেশন সিস্টেম লাগানো থাকে যাতে দমকল বিভাগের কর্মীরা একটি কেন্দ্রীয় অবস্থান, সাধারণত বিল্ডিংয়ের লবি থেকে সিঁড়িতে এবং প্রতিটি আবাসিক ইউনিটে ঘোষণা করতে পারেন।
4. ফায়ার অ্যালার্ম সিস্টেম। সমস্ত অ্যাপার্টমেন্ট বিল্ডিংয়ে প্রতিটি অ্যাপার্টমেন্টে ধোঁয়ার অ্যালার্ম এবং কার্বন মনোক্সাইড অ্যালার্ম রয়েছে (উপরে দেখুন বিভাগ 4(a), বাড়ির নিরাপত্তা উপকরণ)। এই অ্যালার্মগুলি একটি বিল্ডিং ফায়ার অ্যালার্ম সিস্টেমের সাথে সংযুক্ত নয় এবং একটি ফায়ার অ্যালার্ম কোম্পানির কেন্দ্রীয় স্টেশনকে স্বয়ংক্রিয়ভাবে জানায় না; এগুলি শুধুমাত্র অ্যাপার্টমেন্টের মধ্যে বাজে।



কিছু বিল্ডিংয়ে ফায়ার অ্যালার্ম সিস্টেম আছে, কিন্তু সেগুলি যে এলাকায় লাগানো থাকে তার মধ্যে সীমাবদ্ধ থাকতে পারে এবং পুরো বিল্ডিং জুড়ে অ্যালার্ম সক্রিয় নাও করতে পারে।

- 2009 সাল থেকে নির্মিত বেশিরভাগ অ্যাপার্টমেন্ট বিল্ডিংয়ে একটি বিল্ডিং ফায়ার অ্যালার্ম সিস্টেম থাকে, তবে এটি মেকানিকাল ও ইলেকট্রিকাল রুমে ধোঁয়া সনাক্তকরণের মধ্যে সীমাবদ্ধ থাকে। ওই রুমগুলিতে কোনো অ্যালার্ম বাজলে তা স্বয়ংক্রিয়ভাবে একটি ফায়ার অ্যালার্ম কোম্পানির কেন্দ্রীয় পর্যবেক্ষণ স্টেশনে প্রেরিত হয়, যা ফায়ার বিভাগকে অবহিত করে।
- কিছু পুরানো বিল্ডিংয়ে আগুন লাগার বিষয়ে বিল্ডিংয়ে বাসিন্দাদের সতর্ক করার জন্য ডিজাইন করা লাউডস্পিকারযুক্ত অভ্যন্তরীণ ফায়ার অ্যালার্ম সিস্টেম এবং ম্যানুয়াল পুল স্টেশন থাকে যা ফায়ার অ্যালার্ম সিস্টেম সক্রিয় করতে ব্যবহার করা যেতে পারে। ম্যানুয়াল পুল স্টেশনগুলি সাধারণত প্রধান প্রবেশদ্বারের কাছে এবং প্রতিটি সিঁড়ির দরজার কাছে অবস্থিত হয়। ম্যানুয়াল পুল স্টেশনগুলি সাধারণত একটি ফায়ার অ্যালার্ম কোম্পানির কেন্দ্রীয় পর্যবেক্ষণ স্টেশনে স্বয়ংক্রিয়ভাবে কোনো সংকেত প্রেরণ করে না।

আপনি যদি এই উপকরণগুলির মধ্যে কোনোটিতে অ্যালার্ম বাজতে দেখেন বা শুনতে পান, তাহলে 911 নম্বরে কল করুন। ধরে নেবেন না যে দমকল বিভাগকে জানানো হয়েছে।


5. পাবলিক অ্যাক্সেস সিস্টেম। সাধারণত প্রয়োজন না হলেও, কিছু আবাসিক বিল্ডিংয়ে পাবলিক অ্যাক্সেস সিস্টেম (জনগণকে জানানোর ব্যবস্থা) লাগানো থাকে যা একটি কেন্দ্রীয় অবস্থান থেকে, সাধারণত বিল্ডিংয়ের লবি থেকে ভয়েস কমিউনিকেশন (কন্ঠস্বরের মাধ্যমে যোগাযোগ) সক্ষম করে। পাবলিক অ্যাক্সেস সিস্টেম বিল্ডিং ইন্টারকম থেকে আলাদা, এবং এই ব্যবস্থায় সাধারণত হলওয়ে এবং/অথবা সিঁড়িতে লাউডস্পিকার লাগানো থাকে।

আপনার বিল্ডিংয়ে স্প্রিংকলার সিস্টেম, ফায়ার অ্যালার্ম সিস্টেম, আপৎকালীন ভয়েস কমিউনিকেশন সিস্টেম বা পাবলিক অ্যাক্সেস সিস্টেম আছে কিনা তা দেখতে আপনার বিল্ডিংয়ের জন্য 'বিল্ডিংয়ের তথ্য পত্র' দেখুন।

c. নিরাপদে বের হওয়া বাইরে বেরনোর উপায়

প্রায় সব আবাসিক অ্যাপার্টমেন্ট বিল্ডিং থেকে বাইরে বেরনোর অন্তত দুটি উপায় (বিল্ডিং থেকে বের হওয়ার পথ) থাকে। বাইরে বেরনোর বিভিন্ন প্রকার আছে:

1. অভ্যন্তরীণ সিঁড়ি। সমস্ত বিল্ডিংয়ে রাস্তার দিকে যাওয়ার সিঁড়ি থাকে। এই সিঁড়িগুলি ঢাকা থাকতে বা ঢাকা নাও থাকতে পারে।
 - ঢাকা সিঁড়িগুলি দিয়ে বিল্ডিং থেকে নিরাপদে বাইরে বেরনোর সম্ভাবনা বেশি থাকে, যদি দরজাগুলি বন্ধ রাখা হয়।
 - ঢাকা না থাকা সিঁড়িগুলি শিখা, তাপ ও ধোঁয়া ছড়িয়ে পড়া প্রতিরোধ করে না। আগুনের শিখা, তাপ ও ধোঁয়া সিঁড়ি বেয়ে উপরে উঠবে এবং যে তলায় আগুন লেগেছে তার উপরের তলাগুলি থেকে সিঁড়ি বেয়ে নিরাপদে বাইরে বেরতে বাধা দেবে।



2. বহিঃস্থ সিঁড়ি কিছু বিল্ডিংয়ে বহিঃস্থ সিঁড়ি এবং করিডোরের মাধ্যমে অ্যাপার্টমেন্টগুলিতে প্রবেশ করা যায়। এগুলি বাইরে থাকা এবং তাপ ও ধোঁয়া আটকে না রাখার কারণে আগুন লাগার ক্ষেত্রে এগুলি বেশি নিরাপদ হয়, শুধুমাত্র যদি এগুলিতে কোনো বাধা না থাকে।
3. ফায়ার টাওয়ার সিঁড়ি এগুলি সাধারণত বাইরের দিকে খোলা বায়ু চলাচলের ফাঁক দ্বারা বিল্ডিং থেকে বিচ্ছিন্ন করা একটি "টাওয়ার"-এর আকারে ঘেরা সিঁড়ি। উন্মুক্ত বায়ু চলাচলের ফাঁকগুলি তাপ ও ধোঁয়া বেরিয়ে যেতে দেওয়ার মাধ্যমে সিঁড়িটিকে নিরাপদ রাখে।
4. ফায়ার এসকেপ পুরানো বিল্ডিংগুলিতে বিল্ডিংয়ের বাইরে ফায়ার এসকেপ থাকতে পারে, যেখানে একটি জানালা বা ব্যালকনি দিয়ে যাওয়া যায়। ফায়ার এসকেপ শুধুমাত্র তখনই ব্যবহার করা উচিত যদি বিল্ডিং থেকে বাইরে বেরনোর প্রাথমিক উপায়গুলি (সিঁড়ি) শিখা, তাপ বা ধোঁয়া দ্বারা বাধাগ্রস্ত হওয়ার কারণে অনিরাপদ হয়ে পড়ে।
5. প্রস্থান প্রায় সব বিল্ডিংয়েই বাইরে যাওয়ার জন্য একাধিক প্রস্থান থাকে। বিল্ডিংয়ের প্রধান প্রবেশদ্বার ছাড়াও, পাশের প্রস্থান, পিছনের প্রস্থান, বেসমেন্টের প্রস্থান এবং সিঁড়ি থেকে রাস্তায় প্রস্থান থাকতে পারে। আপনার জানা উচিত কোন প্রস্থানগুলি দিয়ে রাস্তায় বা অন্য নিরাপদ স্থানে যাওয়া যায় এবং কীভাবে আপনার অ্যাপার্টমেন্ট থেকে সেগুলিতে যেতে হয়।
 - এই প্রস্থানগুলির মধ্যে কিছুতে অ্যালার্ম থাকতে পারে এবং শুধুমাত্র আপেক্ষিকালীন পরিস্থিতিতেই ব্যবহার করা উচিত।
 - ছাদের যাওয়ার দরজাগুলি প্রস্থান নয় এবং এগুলি দিয়ে পার্শ্ববর্তী বিল্ডিংগুলিতে যাওয়া যেতে পারে বা নাও যাওয়া যেতে পারে। ছাদগুলি বিপজ্জনক স্থান, বিশেষ করে রাতে বা আগুন লাগার ক্ষেত্রে। এগুলিতে সাধারণত সীমিত আলো থাকে বা কোনো আলো থাকে না এবং প্রায়শই হোঁচট খাওয়ার বিপদ এবং অসুরক্ষিত ছড়ানো-ছেটানো জিনিস থাকে। শেষ অবলম্বন না হলে এবং পার্শ্ববর্তী বিল্ডিংয়ে নিরাপদে প্রবেশ করা না গেলে প্রস্থান হিসাবে ছাদের পথ ব্যবহার করবেন না।



আপনার বিল্ডিং থেকে বের হওয়ার বিভিন্ন উপায় এবং সেগুলি দিয়ে বিল্ডিং থেকে কোথায় বের হওয়া যায় তা দেখতে আপনার বিল্ডিংয়ের জন্য 'বিল্ডিংয়ের তথ্য পত্র' দেখুন।

D. অ্যাপার্টমেন্ট সনাক্তকরণ এবং আগুনের আপেক্ষিকালীন পরিস্থিতির জন্য চিহ্নিতকরণ

সমস্ত অ্যাপার্টমেন্টে অ্যাপার্টমেন্টের প্রধান প্রবেশদ্বারের দরজায়, বিল্ডিংয়ের করিডোরে অ্যাপার্টমেন্ট নম্বরটি চোখের উচ্চতায় স্পষ্টভাবে চিহ্নিত করা আবশ্যিক। এটি দমকল বিভাগ এবং অন্যান্য প্রথম সাড়াদানকারীদের আপেক্ষিকালীন পরিস্থিতিতে আপনার অ্যাপার্টমেন্টকে দ্রুত সনাক্ত করতে সাহায্য করবে।

এছাড়াও, অনেক অ্যাপার্টমেন্ট বিল্ডিংয়ে এখন ফ্লোরের উচ্চতায় দরজার চৌকাঠে অ্যাপার্টমেন্ট নম্বর লাগানো বা লেখা আবশ্যিক। আগুন বা ধোঁয়ার পরিস্থিতির সময়ে যখন চোখের উচ্চতায় থাকা দরজার নম্বরগুলি দৃশ্যমান হয় না তখন এই প্রতিফলিত বা আলোকিত "আগুনের আপেক্ষিকালীন পরিস্থিতির জন্য চিহ্নিতকরণ" আপনার অ্যাপার্টমেন্টটিকে সনাক্ত করতে দমকল বিভাগকে সাহায্য করবে। যে সমস্ত ডুপ্লেক্স এবং অন্যান্য বহু-তল অ্যাপার্টমেন্ট, এবং যে সমস্ত অ্যাপার্টমেন্ট

বিল্ডিং স্প্রিংকলার সিস্টেম দ্বারা সুরক্ষিত নয় এবং যেগুলিতে একটি তলায় ৪ টির বেশি অ্যাপার্টমেন্ট রয়েছে, সেগুলিতে অ্যাপার্টমেন্ট এবং সিঁড়ির দরজার চৌকাঠে আগুনের আপৎকালীন পরিস্থিতির জন্য চিহ্নগুলি লাগাতে হবে। আরও তথ্যের জন্য দেখুন, বিভাগ 7, আপৎকালীন প্রস্তুতির সংস্থান।

আপনার অ্যাপার্টমেন্টের দরজায় আপনার অ্যাপার্টমেন্ট নম্বর দেওয়া আছে তা নিশ্চিত করুন। আপনার অ্যাপার্টমেন্ট বিল্ডিংয়ে আগুনের আপৎকালীন পরিস্থিতির জন্য চিহ্নিতকরণের প্রয়োজন আছে কিনা তা যাচাই করুন।

6. আগুন বা আগুন-বহির্ভূত আপৎকালীন পরিস্থিতিতে কী করবেন

- A. আগুন
- B. চিকিৎসাগত আপৎকালীন পরিস্থিতি
- C. ইউটিলিটি (বিদ্যুৎ, গ্যাস, জল বা পয়ঃনিষ্কাশন) সংক্রান্ত আপৎকালীন পরিস্থিতি
- D. আবহাওয়া সংক্রান্ত আপৎকালীন পরিস্থিতি
- E. চিকিৎসাগত আপৎকালীন পরিস্থিতি
- F. বিল্ডিং বিস্ফোরণ/ধসে পড়া
- G. সন্ত্রাস

A. আগুন

অগ্নিকাণ্ডের ক্ষেত্রে, দমকল বিভাগের কর্মীদের নির্দেশ অনুসরণ করুন। তবে, এমন আপৎকালীন পরিস্থিতি হতে পারে যেখানে দমকল বিভাগের কর্মীরা ঘটনাস্থলে পৌঁছানোর আগে বা নির্দেশনা দিতে পারার আগে আপনাকে নিজেই এবং আপনার পরিবারের অন্যান্য সদস্যদের রক্ষা করার জন্য একটি পদক্ষেপের বিষয়ে সিদ্ধান্ত নিতে হতে পারে।

1. আপৎকালীন অগ্নি নিরাপত্তা নির্দেশাবলী

নীচের নির্দেশগুলি আপনাকে সবচেয়ে নিরাপদ পদক্ষেপ নির্বাচন করতে সহায়তা করার উদ্দেশ্যে দেওয়া হয়েছে। অনুগ্রহ করে খেয়াল করুন যে কোনো নির্দেশই সম্ভাব্য সমস্ত বিষয় এবং পরিবর্তনশীল পরিস্থিতির জন্য দায়ী হতে পারে না; পরিস্থিতির অধীনে সবচেয়ে নিরাপদ পদক্ষেপ কী তা আপনাকে নিজেই সিদ্ধান্ত নিতে হবে।

- শান্ত থাকুন। আতঙ্কিত হবেন না। যত তাড়াতাড়ি সম্ভব দমকল বিভাগকে জানান। অ্যালার্ম পাওয়ার কয়েক মিনিটের মধ্যেই অগ্নিকাণ্ডের ঘটনাস্থলে অগ্নিনির্বাপকরা উপস্থিত হবেন।
- যেহেতু শিখা, তাপ ও ধোঁয়া উপরের দিকে ওঠে, তাই সাধারণত আপনার অ্যাপার্টমেন্টের নীচের তলার আগুন আপনার অ্যাপার্টমেন্টের উপরের তলার আগুনের চেয়ে আপনার নিরাপত্তার ক্ষেত্রে বেশি ঝুঁকিপূর্ণ হয়।
- আপনার আগুন নেভানোর ক্ষমতার অতিমূল্যায়ন করবেন না। বেশির ভাগ আগুন সহজে বা নিরাপদে নেভানো যায় না। আগুন দ্রুত ছড়িয়ে পড়তে শুরু করলে তা নেভানোর চেষ্টা করবেন না। আপনি যদি আগুন নেভানোর চেষ্টা করেন তাহলে নিশ্চিত করুন যে আপনার ঘর থেকে পিছু হটার একটি সুস্পষ্ট পথ রয়েছে।
- আপনি যদি আগুন লাগার সময় বিল্ডিং থেকে বেরিয়ে যাওয়ার সিদ্ধান্ত নেন, তাহলে আগুন সীমাবদ্ধ রাখার জন্য বেরনোর সময় সমস্ত দরজা বন্ধ করুন। কখনোই লিফট ব্যবহার করবেন না। এটি তলার মাঝপথে থেমে যেতে পারে বা যেখানে আগুন রয়েছে সেখানে আপনাকে নিয়ে যেতে পারে এবং ধোঁয়া বা তাপে ভরে যেতে পারে।

- তাপ, ধোঁয়া এবং জ্বলন্ত পদার্থ থেকে নির্গত গ্যাস আপনার দ্রুত শ্বাসরোধ করে দিতে পারে। যদি আপনি একটি ভারী ধোঁয়ার পরিস্থিতির মধ্যে আটকে পড়েন, তাহলে মেঝেতে বসে পড়ুন এবং আপনার মাথা মেঝের কাছাকাছি রেখে হামাগুড়ি দিন। আপনার নাক দিয়ে অল্প করে শ্বাস নিন।
- আপনার জামাকাপড়ে আগুন ধরে গেলে, দৌড়াবেন না। আপনি যেখানে আছেন সেখানেই থামুন, মাটিতে পড়ে যান, আপনার মুখ ও ফুসফুসকে রক্ষা করতে আপনার মুখ আপনার হাত দিয়ে ঢেকে রাখুন এবং আগুন নেভানোর জন্য গড়াগড়ি দিন।

যদি আপনার অ্যাপার্টমেন্টের মধ্যে আগুন লাগে:

- যে ঘরে আগুন লেগেছে সেটির দরজা বন্ধ করুন এবং অ্যাপার্টমেন্ট ছেড়ে বেরিয়ে যান।
- নিশ্চিত করুন যে আপনার সাথে প্রত্যেকে অ্যাপার্টমেন্ট ছেড়ে বেরিয়ে গেছে।
- আপনার চাবি নিন।
- অ্যাপার্টমেন্টের দরজা বন্ধ করুন, কিন্তু তালা দেবেন না।
- বিল্ডিং থেকে বেরিয়ে যাওয়ার জন্য সবচেয়ে কাছের ধোঁয়ামুক্ত সিঁড়িটি ব্যবহার করুন।
- লিফট ব্যবহার করবেন না।
- আপনি নিরাপদ স্থানে পৌঁছানোর সাথে সাথে 911 নম্বরে কল করুন। অগ্নিনির্বাপকরা ঘটনাস্থলে না থাকলে আগুনের খবর দেওয়া হয়েছে বলে ধরে নেবেন না।
- বিল্ডিংয়ের বাইরে পূর্বনির্ধারিত স্থানে আপনার পরিবারের সদস্যদের সাথে দেখা করুন। কাউকে খুঁজে পাওয়া না গেলে সাড়া দানকারী অগ্নিনির্বাপকদের জানান।

যদি আপনার অ্যাপার্টমেন্টে আগুন না লাগে (অ-দাহ্য বা আগুনরোধী বিল্ডিংয়ে):

- আপনার অ্যাপার্টমেন্টের ভিতরে থাকুন (স্বস্থানে আশ্রয়) এবং পরিস্থিতি বিপজ্জনক না হলে অগ্নিনির্বাপকদের কাছ থেকে নির্দেশ শোনার অপেক্ষায় থাকুন।
- যদি আপনাকে আপনার অ্যাপার্টমেন্ট থেকে বের হতেই হয়, তাহলে প্রথমে অ্যাপার্টমেন্টের দরজা এবং দরজার হাতল স্পর্শ করে তাপ অনুভব করুন। যদি সেগুলি গরম না হয়, তাহলে দরজাটি সামান্য খুলুন এবং হলওয়ায়েতে ধোঁয়া, তাপ বা আগুন আছে কিনা তা যাচাই করুন।
- আপনি যদি নিরাপদে আপনার অ্যাপার্টমেন্ট থেকে বেরিয়ে যেতে পারেন, তাহলে আপনার অ্যাপার্টমেন্টে আগুন লাগার ক্ষেত্রে উপরের নির্দেশাবলী অনুসরণ করুন।
- আপনি যদি নিরাপদে আপনার অ্যাপার্টমেন্ট বা বিল্ডিং থেকে বেরোতে না পারেন, তাহলে 911 নম্বরে কল করুন এবং তাদের আপনার ঠিকানা, তলা, অ্যাপার্টমেন্ট নম্বর এবং আপনার অ্যাপার্টমেন্টে কতজন থাকেন তা জানান।
- আপনার অ্যাপার্টমেন্টে ঢোকান দরজা ভেঙা তোয়ালে বা চাদর দিয়ে আটকে দিন, এবং বায়ু নালী বা অন্যান্য খোলা পথগুলি যা দিয়ে ধোঁয়া প্রবেশ করতে পারে সেগুলি আটকে দিন।
- জানালা উপরে এবং নীচে কয়েক ইঞ্চি খুলুন যদি না নীচে থেকে আগুন ও ধোঁয়া আসে। কোনো জানালা ভাঙবেন না।
- যদি অ্যাপার্টমেন্টের পরিস্থিতি প্রাণ-সংশয়কারী বলে মনে হয়, তাহলে একটি জানালা খুলুন এবং অগ্নিনির্বাপকদের দৃষ্টি আকর্ষণ করার জন্য তোয়ালে বা চাদর নাড়ুন।
- সাহায্য আসার আগে ধোঁয়ার পরিস্থিতি আরও খারাপ হলে, মেঝেতে বসে পড়ুন এবং নাক দিয়ে অল্প করে শ্বাস নিন। যদি সম্ভব হয়, ধোঁয়া, তাপ বা আগুনের উত্স থেকে দূরে একটি বারান্দা বা ছাদে চলে যান।

যদি আগুন আপনার অ্যাপার্টমেন্টে না থাকে (অ-দাহ্য বা অ-আগুনরোধী বিল্ডিংয়ে):

- আপনার অ্যাপার্টমেন্টের দরজা এবং দরজার হাতল স্পর্শ করে তাপ অনুভব করুন। যদি সেগুলি গরম না হয়, তাহলে দরজাটি সামান্য খুলুন এবং হলওয়াতে ধোঁয়া, তাপ বা আগুন আছে কিনা তা যাচাই করুন।
- আপনি যদি নিরাপদে আপনার অ্যাপার্টমেন্ট ও বিল্ডিং থেকে বেরিয়ে যেতে পারেন, তাহলে আপনার অ্যাপার্টমেন্টে আগুন লাগার ক্ষেত্রে উপরের নির্দেশাবলী অনুসরণ করে বেরিয়ে যান।
- আপনার বেরিয়ে যাওয়ার পথে আপনার তলার লোকেদের দরজায় ধাক্কা দিয়ে সতর্ক করে দিন।
- যদি হলওয়া বা সিঁড়ি(গুলি) ধোঁয়া, তাপ বা আগুনের কারণে নিরাপদ না হয় এবং আপনি ফায়ার এসকেপে যেতে পারেন; তাহলে বিল্ডিং থেকে বেরিয়ে যেতে এটি ব্যবহার করুন। ফায়ার এসকেপ দিয়ে সাবধানতার সাথে এগিয়ে যান এবং সবসময় ছোট বাচ্চাদের বহন করুন বা ধরে রাখুন।
- আপনি যদি সিঁড়ি বা ফায়ার এসকেপ ব্যবহার করতে না পারেন, তাহলে 911 নম্বরে কল করুন এবং তাদের আপনার ঠিকানা, তলা, অ্যাপার্টমেন্ট নম্বর এবং আপনার অ্যাপার্টমেন্টে কতজন আছেন তা বলুন।
- আপনার অ্যাপার্টমেন্টে ঢোকান দরজা ভেজা তোয়ালে বা চাদর দিয়ে আটকে দিন, এবং বায়ু নালী বা অন্যান্য যে খোলা পথগুলি দিয়ে ধোঁয়া প্রবেশ করতে পারে সেগুলি প্লাস্টিক ও ডাক্ট টেপ দিয়ে আটকে দিন।
- জানালা উপরে এবং নীচে কয়েক ইঞ্চি খুলুন যদি না নীচে থেকে আগুন ও ধোঁয়া আসে। কোনো জানালা ভাঙবেন না।
- যদি অ্যাপার্টমেন্টের পরিস্থিতি প্রাণ-সংশয়কারী বলে মনে হয়, তাহলে একটি জানালা খুলুন এবং অগ্নিনির্বাপকদের দৃষ্টি আকর্ষণ করার জন্য তোয়ালে বা চাদর নাড়ুন বা হুইসেল বাজান।
- সাহায্য আসার আগে ধোঁয়ার পরিস্থিতি আরও খারাপ হলে, মেঝেতে বসে পড়ুন এবং নাক দিয়ে অল্প করে শ্বাস নিন। যদি সম্ভব হয়, ধোঁয়া, তাপ বা আগুনের উত্স থেকে দূরে একটি বারান্দা বা ছাদে চলে যান।

2. স্থান খালি করার সহায়তা

বিল্ডিংটি খালি করার জন্য আপনার যদি সহায়তার প্রয়োজন হয়, তাহলে আপনাকে আগে থেকে একটি পরিকল্পনা তৈরি করতে হবে এবং আপনি যে বাইরে বের হতে পারবেন তা নিশ্চিত করার জন্য সহায়তার একটি নেটওয়ার্কের ব্যবস্থা করতে হবে। আরও তথ্যের জন্য দেখুন, বিভাগ 2, যাদের সহায়তার প্রয়োজন আছে।

আপনার পরিকল্পনা গড়ে তোলার সময়, নিম্নলিখিত বিষয়গুলি বিবেচনা করুন:

- স্থান খালি করার ক্ষেত্রে সবচেয়ে সাধারণ সমস্যা হল হাঁটতে না পারা বা হাঁটতে অসুবিধা হওয়া। বেশিরভাগ আপৎকালীন পরিস্থিতিতে বিল্ডিং খালি করতে লিফট ব্যবহার করা যেতে পারে, তবে আগুন বা বিদ্যুৎ বিস্ফোরণের সময় নয়।
- যে তলায় আগুন লেগেছে তার নীচের তলায় বা আগুন-বহির্ভূত আপৎকালীন ক্ষতি থেকে রক্ষা করার জন্য বিল্ডিংয়ের মধ্যে স্থানান্তর করা যথেষ্ট হতে পারে।

- আপনি যদি হুইলচেয়ার, স্কুটার বা অন্য মোটরচালিত উপকরণ ব্যবহার করেন, তাহলে আপনার অ্যাপার্টমেন্টে একটি হালকা ওজনের ট্রাভেল হুইলচেয়ার বা ইভাকুয়েশন চেয়ার রাখার কথা বিবেচনা করুন যাতে লিফট ব্যবহার করা না গেলে অন্যদের পক্ষে আপনাকে সাহায্য করা সহজ হয়। যারা আপনাকে সাহায্য করবেন তাদের এটি কীভাবে কাজ করে তা দেখান।
- একজন ব্যক্তিকে সিঁড়ি বেয়ে নীচে নামানো কঠিন, এর বেশি কিছু নয়। আপনি এবং যারা আপনাকে সাহায্য করছেন তারা যদি মনে করেন যে এটি করা যেতে পারে, তাহলে যে বিভিন্ন উপায়ে ব্যক্তিদের বহন করা যেতে পারে সে সম্পর্কে জ্ঞান অর্জন করুন। আরও তথ্যের জন্য দেখুন, বিভাগ 7, আপৎকালীন প্রস্তুতির সংস্থান।

শেষ অবলম্বন হিসাবে, আপনি স্থানটি থেকে বের হতে না পারলে, আগুন বা অন্য আপৎকালীন পরিস্থিতি থেকে দূরে সবচেয়ে নিরাপদ স্থানে যান। এটি আপনার অ্যাপার্টমেন্ট, প্রতিবেশীর অ্যাপার্টমেন্ট বা সিঁড়িও হতে পারে। কিছু নতুন বিল্ডিংয়ের সিঁড়ির কাছে একটি ঘর থাকতে পারে যা একটি আশ্রয় হিসাবে ডিজাইন করা হয়েছে এবং এতে একটি টেলিফোন থাকে। আপনার পরিস্থিতি রিপোর্ট করতে 911 নম্বরে কল করুন (বা অন্যদের 911 নম্বরে কল করতে বলুন)।

B. চিকিৎসাগত আপৎকালীন পরিস্থিতি

একটি চিকিৎসাগত আপৎকালীন পরিস্থিতির জন্য অগ্রিম পরিকল্পনা জন্য এক মুহূর্ত সময় দিন। যদি আপনি, আপনার পরিবারের কোনো সদস্য বা প্রতিবেশী এমন কোনো চিকিৎসাগত অবস্থার সম্মুখীন হন যার জন্য হাসপাতালে নিয়ে যেতে আপৎকালীন অ্যাম্বুলেন্স পরিবহনের প্রয়োজন হয় তাহলে আপনার কী করা উচিত?

একটি চিকিৎসাগত আপৎকালীন পরিস্থিতির সতর্কতার লক্ষণ এবং 911 অপারেটর আপনাকে যে তথ্য প্রদান করতে বলবেন সেগুলির সাথে পরিচিত হোন। আপৎকালীন সাড়াদানকারীদের সাথে দেখা করা এবং তাদের সরাসরি রোগীর কাছে নিয়ে যাওয়ার জন্য আপনি যাকে কল করতে পারেন তার ফোন নম্বর হাতের কাছে রাখুন।

1. সতর্কতার লক্ষণ। নিম্নলিখিত একটি চিকিৎসাগত আপৎকালীন পরিস্থিতির সতর্কতার লক্ষণ:

- পুড়ে যাওয়া বা শ্বাসের মাধ্যমে ধোঁয়া গ্রহণ করা
- রক্তপাত যা বন্ধ হয় না
- শ্বাসক্রিয়ার সমস্যা, যেমন শ্বাসকষ্ট বা হাঁফ ধরা
- মানসিক অবস্থার পরিবর্তন, যেমন অস্বাভাবিক আচরণ, বিভ্রান্তি, জেগে উঠতে অসুবিধা
- বুক ব্যথা
- দম আটকে আসা
- কাশি বা বমির সাথে রক্ত ওঠা
- অজ্ঞান হওয়া বা চেতনা হারানো
- আত্মহত্যা বা খুন করার অনুভূতি
- মাথা বা মেরুদণ্ডে আঘাত
- তীব্র বা ক্রমাগত বমি হওয়া
- শরীরের যেকোনো জায়গায় হঠাৎ, তীব্র ব্যথা
- হঠাৎ মাথা ঘোরা, দুর্বলতা বা দৃষ্টিতে পরিবর্তন
- একটি বিষাক্ত পদার্থ গিলে ফেলা
- উপরের পেটে ব্যথা

2. 911 নম্বরে কল করুন। আপনি বা আপনার পরিবারের কোনো সদস্য যদি উপরের উপসর্গগুলির মধ্যে কোনোটি অনুভব করেন, তাহলে অবিলম্বে 911 নম্বরে কল করুন। 911 অপারেটরকে নিম্নলিখিত তথ্য প্রদান করতে প্রস্তুত থাকুন:
 - বিল্ডিংয়ের ঠিকানা, নিকটতম ক্রস-স্ট্রিট এবং অ্যাপার্টমেন্ট নম্বর সহ।
 - আপনি যেখানে আছেন সেখানে যেতে বিল্ডিংয়ের যে প্রবেশদ্বার ব্যবহার করলে সবচেয়ে ভালো হয়।
 - অসুস্থ ব্যক্তির সংখ্যা এবং বিল্ডিংয়ের ভিতরে বা বাইরে আপনার সঠিক অবস্থান।
 - আপনার প্রধান অভিযোগ এবং/অথবা বর্তমান অবস্থা (যেমন রক্তপাত, শ্বাসক্রিয়া চলছে/শ্বাসক্রিয়া চলছে না, সচেতন/অচেতন ইত্যাদি)।
 - কোনো অক্ষমতা যা সম্পর্কে আপৎকালীন সাড়াদানকারীদের সচেতন থাকা উচিত, যেমন শ্রবণশক্তি হ্রাস, অন্ধত্ব বা সীমিত দৃষ্টিশক্তি, বা একটি জ্ঞানীয় অক্ষমতা যা আপনার সাথে আপৎকালীন সাড়াদানকারীদের যোগাযোগ করার ক্ষমতাকে প্রভাবিত করবে।
 - একজন পরিবার/পরিবারের সদস্যকে আপনার সাথে রাখুন।
3. বিল্ডিংয়ের কর্মীকে জানান। 911 নম্বরে কল করার পর, বিল্ডিংয়ের কর্মীদের জানান যে আপনি একটি অ্যাম্বুলেন্সের জন্য 911 নম্বরে কল করেছেন। তাদের আপৎকালীন সাড়াদানকারীদের সাথে দেখা করে তাদেরকে বিল্ডিংয়ের ভেতরে নিয়ে আসতে এবং আপনার অ্যাপার্টমেন্ট খুঁজে পেতে সহায়তা করতে বলুন। আপনার বিল্ডিংয়ের কর্মী না থাকলে বা তাদের সাথে যোগাযোগ করতে না পারলে, পরিবারের সদস্য বা প্রতিবেশীকে আপৎকালীন সাড়াদানকারীদের সাথে দেখা করে তাদের সহায়তা করতে বলুন।

c. ইউটিলিটি (বিদ্যুৎ, গ্যাস, জল বা পয়ঃনিষ্কাশন) সংক্রান্ত আপৎকালীন পরিস্থিতি

ইউটিলিটি ব্যাঘাতের মধ্যে রয়েছে বিদ্যুৎ বিভ্রাট, কার্বন ডাই অক্সাইড নির্গমন, গ্যাস লিক এবং জলের লিক। এগুলি একটি একক অ্যাপার্টমেন্ট, বিল্ডিং বা ব্লক বা পুরো শহরের উপর প্রভাব ফেলতে পারে।

1. বিদ্যুৎ বিভ্রাট

আগাম প্রস্তুতি:

- আপনার অ্যাপার্টমেন্টে ফ্ল্যাশলাইট এবং অতিরিক্ত ব্যাটারি রাখুন।
- মোমবাতির ব্যবহার এড়িয়ে চলুন, যা থেকে আগুন ধরা শুরু হতে পারে। মোমবাতির নিরাপদ ব্যবহার সম্পর্কে আরও তথ্যের জন্য দেখুন, বিভাগ 7, আপৎকালীন প্রস্তুতির সংস্থান।
- আপনি যদি চিকিৎসাগত সরঞ্জামের উপর নির্ভর করেন যার জন্য বিদ্যুত শক্তি প্রয়োজন, তাহলে একটি ব্যাক-আপ বিদ্যুতের উৎস নেওয়ার কথা বিবেচনা করুন। আপনার ইউটিলিটি কোম্পানিকে জিজ্ঞাসা করুন যে আপনার চিকিৎসাগত সরঞ্জাম আপনাকে প্রাণ-বাঁচানোর সরঞ্জামের (life-sustaining equipment, LSE) গ্রাহক হিসাবে তালিকাভুক্ত হওয়ার যোগ্যতা দেয় কিনা যাদের সাথে বিদ্যুতের আপৎকালীন পরিস্থিতিতে যোগাযোগ করতে হবে। দেখুন বিভাগ 7, আপৎকালীন প্রস্তুতির সংস্থান।
- আপনার সেল ফোন চার্জ দিয়ে রাখুন। আপনার যদি একটি ব্যাটারি প্যাক থাকে তাহলে এটি সম্পূর্ণরূপে চার্জ দিয়ে রাখুন।

বিদ্যুৎ বিদ্যুত হওয়ার সময়:

- বিভ্রাটের রিপোর্ট করতে অবিলম্বে আপনার ইউটিলিটি কোম্পানিকে কল করুন। দেখুন বিভাগ 7, আপৎকালীন প্রস্তুতির সংস্থান।
- পরিষেবা ফিরে আসার সময় যেসব যন্ত্রপাতি আপনা থেকে চালু হয়ে যায় সেগুলিকে বন্ধ রাখুন, যাতে বিদ্যুৎশক্তি হঠাৎ করে বৃদ্ধি পাওয়ার কারণে আপনার বৈদ্যুতিক সার্কিট এবং যন্ত্রপাতিগুলির ক্ষতি না হয়।
- রেফ্রিজারেটর এবং ফ্রিজারের দরজা যতটা সম্ভব বন্ধ রাখুন যাতে খাবার নষ্ট না হয়।
- ঘরের ভেতরে জেনারেটর ব্যবহার করবেন না। এগুলি বিপজ্জনক মাত্রায় কার্বন মনোক্সাইড তৈরি করতে পারে।
- বাড়ির ভেতরে প্রোপেন বা কেরোসিন হিটার বা গ্রিল ব্যবহার করবেন না।

2. কার্বন মনোক্সাইড নির্গমন

কার্বন মনোক্সাইড (CO) হল একটি বর্ণহীন, গন্ধহীন গ্যাস যা জ্বালানী পোড়ানোর যন্ত্রপাতি এবং সরঞ্জাম (যেমন স্টোভ, ফারনেস এবং গরম জলের হিটার), ফায়ারপ্লেস এবং যানবাহনের নিষ্কাশন পাইপ দ্বারা উৎপাদিত হয়। এই যন্ত্রপাতি দ্বারা উত্পন্ন কার্বন মনোক্সাইড একটি চিমনি, ভেন্ট পাইপ বা অন্যান্য উপায়ে বাড়ির বাইরে মুক্ত করা উচিত। একটি আটকে থাকা বা ফেটে যাওয়া চিমনি বা ভেন্ট পাইপের কারণে কার্বন মনোক্সাইড বিল্ডিংয়ের ভেতরে, কখনো কখনো উৎস থেকে উপরের অনেকগুলি তলায় প্রবেশ করে।

কার্বন মনোক্সাইড বিষক্রিয়ার উপসর্গগুলি ফ্লু-সদৃশ। এর মধ্যে থাকতে পারে মাথাব্যথা, মাথা ঘোরা, শ্রান্তি, বুক ব্যথা, বমি। অবিলম্বে সুরাহা না হলে, এটি মৃত্যুর কারণ হতে পারে।

আপনার যদি কার্বন মনোক্সাইড বিষক্রিয়ার সন্দেহ হয়:

- জানালা খুলুন।
- বিল্ডিং খালি করুন।
- আপনি নিরাপদ স্থানে পৌঁছানোর সাথে সাথে 911 নম্বরে কল করুন।
- আপনার স্থানীয় ইউটিলিটি কোম্পানিকে কল করুন।

3. গ্যাস লিক

অনেক অ্যাপার্টমেন্ট রান্না এবং কাপড় শুকানোর জন্য ইউটিলিটি কোম্পানির পাইপের মাধ্যমে সরবরাহ করা প্রাকৃতিক গ্যাস ব্যবহার করা হয়। প্রাকৃতিক গ্যাস দাহ্য এবং বিস্ফোরক। যদি এটি চুইয়ে বের হয় এবং একটি অ্যাপার্টমেন্ট বা ঘরে জমে থাকে তাহলে একটি স্ফুলিঙ্গতে এটি জ্বলে উঠে বিস্ফোরণ এবং অগ্নিকাণ্ড ঘটাতে পারে।

ইউটিলিটি কোম্পানি পাইপের মাধ্যমে সরবরাহ করা প্রাকৃতিক গ্যাসে একটি স্বতন্ত্র, "পচা ডিমের" গন্ধ দিয়ে দেয়। আপনি যদি প্রাকৃতিক গ্যাসের গন্ধ পান:

- অ্যাপার্টমেন্ট আপনার সেল ফোন সহ, আলোর সুইচ বা বৈদ্যুতিক উপকরণ চালাবেন না। যেকোনো স্ফুলিঙ্গ থেকে আগুন লাগতে পারে।
- ধূমপান করবেন না এবং অবিলম্বে যেকোনো ধূমপানের সামগ্রী নিভিয়ে দিন।
- আপনার পরিবার/পরিবারের সকল সদস্যকে বের করে দিয়ে বিল্ডিংটি খালি করুন।
- বাইরে থাকাকালীন আপৎকালীন পরিস্থিতি রিপোর্ট করতে 911 নম্বরে কল করুন।
- বিল্ডিং বিস্ফোরণ সম্পর্কে আরও তথ্যের জন্য, বিভাগ 6(F) দেখুন।

4. জল লিক বা বাধা

বৈদ্যুতিক ওয়্যারিংয়ে জল চুইয়ে ঢুকলে আগুন লেগে যেতে পারে।

- যদি আপনার অ্যাপার্টমেন্টে (অথবা আপনার অ্যাপার্টমেন্ট থেকে অন্যদের অ্যাপার্টমেন্টে) জল চুইয়ে ঢুকে যায়, তাহলে অবিলম্বে মেরামতের ব্যবস্থা করুন বা বিল্ডিংয়ের মালিক বা ম্যানেজারকে তা করতে বলুন (প্রয়োজ্য অনুসারে)।
- জল যদি ছাদ বা দেয়ালে বৈদ্যুতিক তারের মধ্যে প্রবেশ করে, তাহলে 911 নম্বরে কল করুন।
- আপনার জল না থাকলে বা জলের চাপ খুব কম থাকলে, এই অবস্থার বিষয়ে 311 নম্বরে রিপোর্ট করুন (পৃষ্ঠা 3-এ নির্দেশাবলী দেখুন)।
- পানীয় জলের গুণমান সম্পর্কে আপনার যদি উদ্বেগ থাকে তাহলে 311 নম্বরে এই অবস্থার বিষয়ে রিপোর্ট করুন। পানীয় জলের ব্যাপক আপৎকালীন অবস্থার ক্ষেত্রে সরকারী নির্দেশনার জন্য Notify NYC বা স্থানীয় রেডিও এবং টিভি স্টেশনগুলির দিকে নজর রাখুন।
- আপনি যদি মাটি বা রাস্তা থেকে জল উঠে আসতে দেখেন বা জলের পাইপ ভেঙে গেছে বলে সন্দেহ করেন, তাহলে 311 নম্বরে কল করুন।

D. আবহাওয়া সংক্রান্ত আপৎকালীন পরিস্থিতি

1. প্রচণ্ড গরম

তাপ প্রবাহের সময় আপনার অ্যাপার্টমেন্টটি শীতাতপ নিয়ন্ত্রিত না হলে এটি অনিরাপদ হতে পারে। শিশু, বয়স্ক এবং অসুস্থ ব্যক্তিদের উপর প্রচণ্ড গরমের প্রভাব পড়ার বিশেষ ঝুঁকি থাকে।

প্রচণ্ড গরম সতর্কতার জন্য Notify NYC এবং স্থানীয় রেডিও এবং টিভি স্টেশনগুলি দিকে নজর রাখুন।

প্রচণ্ড গরমের আপৎকালীন পরিস্থিতিতে:

- বিল্ডিংয়ের মালিকের অনুমোদন নিয়ে, এক বা একাধিক এয়ার কন্ডিশনার কিনুন এবং লাগান। অ্যাপার্টমেন্টের বৈদ্যুতিক তারগুলি পর্যাপ্ত শক্তি সরবরাহ করতে পারলে শুধুমাত্র সেক্ষেত্রেই এয়ার কন্ডিশনারগুলি লাগানো নিশ্চিত করুন যে আপনি যে এয়ার কন্ডিশনারগুলি কিনছেন সেগুলির জন্য আপনার অ্যাপার্টমেন্টের বৈদ্যুতিক তার যতটা শক্তির প্রদান করতে পারে তার চেয়ে বেশি শক্তির প্রয়োজন নেই। এয়ার কন্ডিশনারগুলি একজন প্রশিক্ষিত এবং জ্ঞানসম্পন্ন ব্যক্তির দ্বারা লাগানো উচিত যাতে সেগুলি নিরাপদে বিল্ডিংয়ের সাথে দৃঢ়ভাবে আটকে থাকে এবং এর নীচে থাকা অন্যান্যদের বিপদে না ফেলে।
- যতটা সম্ভব, বিশেষ করে দিনের বেলা, শীতাতপ নিয়ন্ত্রিত জায়গায় সময় কাটান। এটি একজন বন্ধু বা প্রতিবেশীর অ্যাপার্টমেন্ট, একটি রেস্টোঁরা বা দোকান, বা একটি কুলিং সেন্টার হতে পারে।
- গরমের আপৎকালীন পরিস্থিতিতে, নিউ ইয়র্ক সিটি শীতাতপ নিয়ন্ত্রিত জনসাধারণের সুবিধাগুলিতে কুলিং সেন্টার পরিচালনা করে। জনসাধারণের পুলগুলিও উপলব্ধ থাকতে পারে। গরমের আপৎকালীন পরিস্থিতিতে স্থানীয় কুলিং সেন্টার বা পুল খুঁজে পেতে 311 নম্বরে কল করুন বা <https://finder.nyc.gov/coolingcenters/> থেকে NYC Cool বিকল্পগুলি অ্যাক্সেস করুন।
- কায়িক পরিশ্রম এড়িয়ে চলুন।

- প্রচুর জল পান করুন। অ্যালকোহল এবং ক্যাফিনযুক্ত পানীয় এড়িয়ে চলুন।
- শক্তি সংরক্ষণ করুন: আপনার যদি একটি এয়ার কন্ডিশনার থাকে, তাহলে আপনি আপনার অ্যাপার্টমেন্টে থাকার সময়ে তাপ প্রবাহের সময় এটিকে 78 ডিগ্রির কমে সেট করবেন না এবং অপ্রয়োজনীয় যন্ত্রপাতি বন্ধ রাখুন।

2. তুষারঝড় এবং অন্যান্য শীতকালীন আবহাওয়ার ঝড়

জনসাধারণকে সাধারণত শীতের আবহাওয়ার ঝড়ের সময় নিজেদের বাড়িতে আশ্রয় নেওয়ার পরামর্শ দেওয়া হয়। অ্যাপার্টমেন্ট বিল্ডিংগুলি সাধারণত ঝড়ের সময় একটি নিরাপদ পরিবেশ প্রদান করে এবং ব্যক্তির খাবার ও অন্যান্য সরবরাহের জন্য পর্যাপ্ত ব্যবস্থা করে রাখলে প্রয়োজনে তারা বেশ কয়েক দিন বাড়ির ভিতরে থাকতে পারেন।

3. ভারী বৃষ্টি, উপকূলীয় ঝড় এবং হারিকেন

সাম্প্রতিক বছরগুলিতে, ঝড়ের সাথে ভারী বৃষ্টিপাতের কারণে NYC-তে আকস্মিক বন্যা হয়েছে, যা রাস্তা, সাবওয়ে এবং বেসমেন্ট অ্যাপার্টমেন্টগুলিকে প্লাবিত করেছে। ভারী বৃষ্টিপাতের ক্ষেত্রে বেসমেন্ট অ্যাপার্টমেন্ট এবং অন্যান্য নীচু এলাকাগুলিতে বন্যার ঝুঁকি থাকে। বন্যার পূর্বাভাস দেওয়া



ঝড়ের আগে আপনার বেসমেন্ট অ্যাপার্টমেন্ট খালি করার পরিকল্পনা করুন, বা উপরের তলায় আশ্রয় নিন। আপনি যদি ক্রমশ বেড়ে ওঠা জলের কারণে ভিতরে আটকা পড়ে যান তাহলে সাহায্যের জন্য 911 নম্বরে কল করুন। নিরাপদ স্থানে যাওয়ার জন্য সাঁতার কাটার চেষ্টা করবেন না।

ভারী বৃষ্টির পূর্বাভাস থাকলে এবং ঝড়ের সময় ভ্রমণ এড়িয়ে চলুন। প্লাবিত এলাকা দিয়ে হাঁটা এবং গাড়ি চালানো এড়িয়ে চলুন। ছয় ইঞ্চির মতো চলমান জলও একজন মানুষকে মাটিতে ফেলে দিতে পারে। ছয় ইঞ্চি জল বেশির ভাগ গাড়ির তলদেশে পৌঁছে যাবে, যার ফলে নিয়ন্ত্রণ হারিয়ে যেতে পারে এবং চলা বন্ধ হয়ে যেতে পারে। এক বা দুই ফুট জল যানবাহনকে ভাসিয়ে নিয়ে যেতে পারে। বন্যার জলে গাড়ি ভেসে যাওয়ার ফলে অনেকের মৃত্যু হয়।

যদি আপনাকে জলের মধ্যে দিয়ে হাঁটতে হয়, তাহলে যেখানে জল বইছে না সেখান দিয়ে হাঁটুন বা আপনার পথের নিরাপত্তা যাচাই করতে একটি লাঠি ব্যবহার করুন। প্লাবিত সাবওয়ে স্টেশন বা বন্যার জলে ঘেরা বিল্ডিংগুলিতে প্রবেশ করবেন না।

আরও তথ্যের জন্য, NYCEM-এর ওয়েবসাইট দেখুন:

<https://www.nyc.gov/site/em/ready/flooding.page> |

হারিকেনের মতো কিছু চরম আবহাওয়ার আপেক্ষিকালীন পরিস্থিতিতে, সিটি এলাকাগুলি খালি করার নির্দেশ দিতে পারে। আপনি যদি একটি উঁচু বিল্ডিংয়ে বাস করেন, বিশেষ করে 10 তলা বা তার উপরে, সেক্ষেত্রে জানালাগুলি থেকে দূরে থাকুন পাছে সেগুলি ভেঙে বা চূর্ণবিচূর্ণ হয়ে যায়, বা নীচের তলায় চলে যান।

আগাম প্রস্তুতি:

- একটি উপকূলীয় ঝড় বা হারিকেনের আগে, আপনি নিউ ইয়র্ক সিটির হারিকেন উচ্ছেদ অঞ্চলগুলির একটিতে বাস করেন কিনা তা জেনে নিন। দেখুন বিভাগ 7, আপেকালীন প্রস্তুতির সংস্থান, বা NYC.gov/knowyourzone।
- আপনার বাড়ি প্রস্তুত করুন। বাড়ির বাইরের জিনিসগুলি সুরক্ষিত করুন, জানালা এবং বাইরের দরজাগুলি আটকে বন্ধ করুন, মূল্যবান জিনিসগুলি উপরের তলায় সরিয়ে দিন এবং আপনার জেনারেটরে জ্বালানী ভরে রাখুন।
- আপনার গো ব্যাগ প্রস্তুত রাখুন।
- স্থান খালি করার আদেশ জারি হলে আপনি কোথায় যাবেন তা জেনে রাখুন। ঝড়ের আগে, সময় বা পরে পরিবার বা বন্ধুদের সাথে থাকুন বা তথ্যের জন্য 311 নম্বরে কল করুন।
- যদি স্থান খালি করার নির্দেশ দেওয়া হয়, তাহলে নির্দেশ পালন করুন। সম্ভব হলে জন পরিবহন ব্যবহার করুন। মনে রাখবেন যে ঝড় আসার কয়েক ঘণ্টা আগে জন পরিবহন বন্ধ হয়ে যেতে পারে।
- আপনাকে যদি স্থান খালি করার জন্য লিফট ব্যবহার করতে হয় এবং আপনি একটি উচ্ছেদ অঞ্চলে থাকেন তাহলে লিফটগুলিকে বন্যা থেকে রক্ষা করার জন্য লিফট পরিষেবা বন্ধ হওয়ার আগে স্থান খালি করতে ভুলবেন না। বিল্ডিংয়ের মালিকদের যদি লিফট পরিষেবা বন্ধ করে দিতে হয় তাহলে আবহাওয়া আপেকালীন পরিস্থিতি দেখা দেওয়ার আগে (যদি সম্ভব হয়) তাদের বিল্ডিংয়ের লবি বা সাধারণ এলাকায় পোস্টার লাগাতে হবে। বিল্ডিংয়ের মালিক/ম্যানেজার অগ্রিম বিজ্ঞপ্তি দিলে নিশ্চিত করা যেতে পারে যে আপনি উপযুক্ত বিজ্ঞপ্তি পেয়েছেন। দেখুন বিভাগ 2, যাদের সহায়তার প্রয়োজন আছে।
- আপনার সেল ফোন এবং অন্যান্য বহনযোগ্য উপকরণগুলি চার্জ দিয়ে রেখে এবং রেফ্রিজারেটরের সেটিং আরও ঠান্ডা তাপমাত্রায় কমিয়ে দিয়ে বিদ্যুত ব্যাঘাতের মোকাবিলার জন্য প্রস্তুত থাকুন।



ঝড়ের সময়:

- অবহিত থাকুন। কর্মকর্তাদের কাছ থেকে স্থানীয় আবহাওয়ার পূর্বাভাস এবং ঘোষণা শুনুন। <https://a858-nycnotify.nyc.gov/notifynyc/> এ গিয়ে Notify NYC-এ সাইন আপ করুন এবং এটির দিকে নজর রাখুন।
- বাড়ির ভেতরে থাকুন। আপনি যদি বেসমেন্ট অ্যাপার্টমেন্ট বাস করেন তাহলে ভারী বৃষ্টির সময় উপরের একটি তলায় সরে যাওয়ার জন্য প্রস্তুত থাকুন।
- আপনার যদি কোনো চিকিৎসাগত আপৎকালীন পরিস্থিতি থাকে বা আপনার বিল্ডিং বা অ্যাপার্টমেন্টের বাস্তু ক্ষতির কারণে বিপদের মুখে থাকেন, তাহলে জেনে রাখুন যে ঝড়ের সময় আপৎকালীন সাড়া পেতে দেবী হতে পারে বা নাও পাওয়া যেতে পারে।
- আপনি যদি ক্রমশ বেড়ে ওঠা জলের মধ্যে আটকে পড়েন, তাহলে উপরের একটি তলায় সরে যান, কিন্তু প্রয়োজনে ছাদে গর্ত কাটার জন্য আপনার কাছে করাত বা অন্য কোনো সরঞ্জাম না থাকলে একটি ঘেরা চিলেকোঠায় সরে যাবেন না। 911 নম্বরে কল করুন এবং আপনার পরিস্থিতি রিপোর্ট করুন। সাহায্যের জন্য অপেক্ষা করুন। নিরাপদ স্থানে যাওয়ার জন্য সাঁতার কাটার চেষ্টা করবেন না। বন্যার জলে ঘেরা বিল্ডিংয়ে প্রবেশ করবেন না।
- ভেঙে পড়া বিদ্যুতের লাইন থেকে দূরে থাকুন। জল বিদ্যুত পরিবহন করে।

4. ভূমিকম্প

যদিও নিউ ইয়র্ক সিটি এলাকায় সচরাচর ভূমিকম্প হয় না, তবুও ভূমিকম্প আমাদের এলাকাকে ক্ষতিগ্রস্ত করতে পারে ও করেছে এবং অ্যাপার্টমেন্ট বিল্ডিংয়ের বাসিন্দা ও কর্মীদের প্রস্তুত থাকতে হবে।

এটির অবস্থানের উপর নির্ভর করে, এমনকি একটি সামান্য ভূমিকম্পও বিল্ডিংগুলিকে কাঁপিয়ে দিতে পারে, বিল্ডিংগুলিকে বাস্তুবিকভাবে ক্ষতিগ্রস্ত করতে পারে (দেওয়ালের ফাটল সহ), এবং জিনিসপত্রকে নাড়িয়ে দিতে বা তাক থেকে ফেলে দিতে পারে।

ভূমিকম্পের সময়, "মেঝেতে বসে পড়ুন, আশ্রয় নিন এবং ধরে থাকুন":

- একটি শক্তপোক্ত আসবাবের (যেমন একটি টেবিল) নীচে আশ্রয় নিন এবং ধরে থাকুন।
- আপনি যদি আসবাবের নীচে আশ্রয় নিতে না পারেন তাহলে ঘরের ভেতরের (অভ্যন্তরীণ) দেওয়ালের পাশের একটি কোণে আশ্রয় নিন।
- মেঝেতে বসে পড়ুন।
- আপনার বাছ দিয়ে আপনার মাথা এবং ঘাড় ঢেকে রাখুন।
- আপনি যদি হুইলচেয়ার ব্যবহার করেন, তাহলে দরজা খোলার দেওয়ালের পাশে বা ভেতরের দেওয়ালের পাশে আশ্রয় নিন এবং চাকাগুলি লক করুন। কোনো সরঞ্জাম হুইলচেয়ারে শক্ত করে লাগানো না থাকলে সেটি খুলে নিন। পতনশীল বস্তু থেকে নিজেকে রক্ষা করার জন্য যা পাওয়া যায় তা দিয়ে নিজেকে ঢেকে রাখুন।
- আপনি যদি বিছানা বা চেয়ার থেকে নড়তে না পারেন, তাহলে কঞ্চল বা বালিশ দিয়ে পতনশীল বস্তু থেকে নিজেকে রক্ষা করুন।
- আপনি যদি বাড়ির বাইরে থাকেন তাহলে গাছ, ইউটিলিটির খুঁটি এবং বিল্ডিং থেকে দূরে একটি খোলা জায়গায় যান।
- কম্পন বন্ধ না হওয়া পর্যন্ত আপনি যেখানে আছেন সেখানে থাকুন।

জেনে রাখুন যে প্রায়শই একটি ভূমিকম্পের পরে আফটারশক, অতিরিক্ত ভূমিকম্পের কম্পন হতে পারে।

5. টর্নেডো

নিউ ইয়র্ক সিটি এলাকায় সচরাচর না ঘটলেও, সাম্প্রতিক বছরগুলিতে বেশ কয়েকটি টর্নেডো (এবং মাইক্রোবার্স্ট, যা বায়ুর একইরকমের একটি অবস্থা) নিউ ইয়র্ক সিটিকে ছুঁয়ে গেছে।

টর্নেডো সতর্কতার ক্ষেত্রে:

- আপনার আশেপাশের এলাকায় একটি টর্নেডো এগিয়ে আসতে থাকলে, অবিলম্বে আপনার বিল্ডিংয়ের বেসমেন্টে যান। যদি আপনার বিল্ডিংয়ে বেসমেন্ট না থাকে, তাহলে বিল্ডিংয়ের একেবারে নীচের তলায় যান।
- টর্নেডো চলে না যাওয়া পর্যন্ত জানালা থেকে দূরে ভেতরের একটি ঘরে বা জায়গায় দেওয়ালের পাশে থাকুন।
- অলিন্দ এবং অডিটোরিয়ামের মতো একটি বড় খোলা জায়গা জুড়ে থাকা ছাদযুক্ত বাড়ির ভেতরের জায়গাগুলি এড়িয়ে চলুন।
- আপনার বিল্ডিংয়ে আশ্রয়ের জন্য উপযুক্ত জায়গা না থাকলে, আপনার বিল্ডিং ছেড়ে নিরাপদ অবস্থানে চলে যান, তবে শুধুমাত্র যদি সেখানে যাওয়ার জন্য পর্যাপ্ত সময় থাকে।

E. চিকিৎসাগত আপৎকালীন পরিস্থিতি

1. রাসায়নিক

বিপজ্জনক উপাদানের কারণে একটি দুর্ঘটনার ফলে আপৎকালীন পরিস্থিতি হতে পারে, যেমন একটি ট্রাক উল্টে যাওয়া বা একটি কারখানায় বিস্ফোরণ ঘটা, বা অপরাধমূলক কার্যকলাপের ফলে, যেমন একটি সন্ত্রাসী হামলা।

যদি রাসায়নিক বাতাসের মাধ্যমে ছড়িয়ে পড়তে থাকে তাহলে এর মধ্যে শ্বাস না নেওয়ার সকল প্রচেষ্টা করা উচিত।

আপৎকালীন পরিস্থিতির সময়:

- স্বস্থানে আশ্রয় নিন। সাধারণত, আপনার অ্যাপার্টমেন্টে আশ্রয় নেওয়া সবচেয়ে নিরাপদ।
- সমস্ত এয়ার কন্ডিশনার এবং বায়ুচলাচল ব্যবস্থা বন্ধ করুন, জানালা বন্ধ করুন এবং সমস্ত বায়ুচলাচলের গ্রিল এবং অন্যান্য খোলা জায়গাগুলি আটকে দিন যেগুলি দিয়ে আপনার অ্যাপার্টমেন্টে বাইরের বাতাস প্রবেশ করতে পারে।
- অতিরিক্ত তথ্যের জন্য Notify NYC এবং স্থানীয় রেডিও এবং টিভি স্টেশনগুলির দিকে নজর রাখুন।

আপনি যদি রাসায়নিক নির্গমনের এলাকার কাছাকাছি থাকেন বা এটি আপনার অ্যাপার্টমেন্টে প্রবেশ করে:

- আপনার নাক, মুখ এবং আপনার ত্বক যতটা সম্ভব ঢেকে রাখুন।
- আপনার অ্যাপার্টমেন্ট এবং বিল্ডিং খালি করুন যদি এটি করা নিরাপদ হয়। যদি না হয়, তাহলে বাড়ির ভেতরের একটি ঘরে সরে যান, যেমন একটি বাথরুম এবং জানালা ও দরজা আটকে দিন।

আপৎকালীন পরিস্থিতি কাটিয়ে ওঠার পরে, আপনি যদি রাসায়নিকের সংস্পর্শে আসেন বা এটির দ্বারা দূষিত হয়ে পড়েন:

- সরকারী কর্তৃপক্ষ এবং/অথবা প্রথম সাড়াদানকারীদের কাছ থেকে নির্দেশ শোনার অপেক্ষায় থাকুন।
- আপনি একটি পরিষ্কার এলাকায় পৌঁছানোর সাথে সাথে নিজেকে দূষণমুক্ত করুন। প্রয়োজন হলে চিকিৎসাগত সহায়তা নিন।

বিপজ্জনক পদার্থ নির্গমনের কারণে জল বা খাদ্য সরবরাহ প্রভাবিত হলে নির্দেশনার জন্য Notify NYC-এর দিকে নজর রাখুন।

2. তেজস্ক্রিয়তা ছড়ানোর উপকরণ (Radiological Dispersal Device, RDD)

তেজস্ক্রিয়তা ছড়ানোর উপকরণগুলিতে (RDD) তেজস্ক্রিয় পদার্থের সাথে প্রচলিত বিস্ফোরক ব্যবহার করা হয়। RDD পারমাণবিক বিস্ফোরণ সৃষ্টি করতে সক্ষম নয়: এগুলি পারমাণবিক অস্ত্র নয়। আতঙ্ক সৃষ্টি করা এবং দৈনন্দিন জীবনকে ব্যাহত করাই এগুলির উদ্দেশ্য।

RDDs বিপজ্জনক তেজস্ক্রিয় পদার্থ দিয়ে বিস্তৃত এলাকা ঢেকে দিতে পারে। RDD থেকে ছড়িয়ে পড়া তেজস্ক্রিয় পদার্থ আপনার পোশাক, আপনার শরীর এবং অন্যান্য বস্তুতে ধুলোর মতো লেগে থাকতে পারে।

আপনি যদি বাড়ির বাইরে থাকেন, তাহলে অবিলম্বে সবচেয়ে কাছের নিরাপদ বিল্ডিংয়ে আশ্রয় নিন এবং অতিরিক্ত তথ্য ও নির্দেশের জন্য Notify NYC-এর (এবং স্থানীয় রেডিও এবং টিভি স্টেশনগুলি, যদি উপলব্ধ থাকে) দিকে নজর রাখুন।

আপনি বা আপনার পরিবার একটি নিশ্চিত RDD বিস্ফোরণের অবস্থানের কাছাকাছি থাকলে, বিকিরণের সংস্পর্শে আসার সম্ভাবনা কমাতে নীচের পদক্ষেপগুলি অনুসরণ করুন। আপনার চিকিৎসাগত আপৎকালীন পরিস্থিতি না থাকলে হাসপাতালে যাবেন না।

- আপনার পোশাকের বাইরের দিকে থাকা অংশটি এবং জুতো খুলে ফেলুন। এর ফলে যেকোনো তেজস্ক্রিয় পদার্থের 90% পর্যন্ত অপসারিত হতে পারে। ধুলো নাড়াবেন না বা ঝাঁড়বেন না।
- আপনি যে পোশাক এবং জুতো পরেছিলেন তা একটি প্লাস্টিকের ব্যাগ বা অন্য পাত্রে ঢুকিয়ে আটকে দিন এবং এগুলিকে মানুষ এবং পোষা প্রাণী থেকে দূরে রাখুন, কিন্তু এগুলিকে আবর্জনার মধ্যে রাখবেন না।
- আলতো করে আপনার নাক ঝাড়ুন এবং একটি পরিষ্কার ভেজা কাপড় দিয়ে আপনার চোখ ও কান মুছুন।
- প্রচুর সাবান দিয়ে শাওয়ারে স্নান করুন। মাথা নীচু রেখে ধুয়ে ফেলুন। আপনার ত্বকে আঁচড় কাটবেন না। শুধুমাত্র শ্যাম্পু ব্যবহার করে আপনার চুল ধুয়ে ফেলুন। কন্ডিশনার ব্যবহার করবেন না কারণ এর ফলে তেজস্ক্রিয় উপাদান আপনার চুল ও ত্বকে আটকে যেতে পারে।
- আপনি যদি শাওয়ারে স্নান করতে না পারেন, তাহলে আপনার মুখ এবং হাত সহ অনাবৃত ত্বক পরিষ্কার করতে একটি শুকনো বা ভেজা কাপড় বা ওয়াইপ ব্যবহার করুন। আপনার দূষিত কাপড়ের ক্ষেত্রে যেমন করেছিলেন সেইরকম ব্যাগ বা পাত্রে ব্যবহৃত কাপড় বা ওয়াইপগুলি ঢুকিয়ে আটকে দিন।
- আপনার যেসকল পোশাক এবং জুতো ধুলো দিয়ে দূষিত হয় নি সেগুলি পরুন। প্রয়োজনে প্রতিবেশীর কাছ থেকে কাপড় ধার নিন।

- সমস্ত ব্যক্তিগত উপকরণ এবং সরঞ্জাম যা তেজস্ক্রিয় পদার্থের সংস্পর্শে এসে থাকতে পারে, বিশেষ করে হুইলচেয়ার এবং অন্যান্য চলাফেরার সরঞ্জাম, একটি ভেজা কাপড় বা ওয়াইপ দিয়ে মুছে ফেলতে হবে। চাকাগুলি পরিষ্কার করা হয়েছে তা নিশ্চিত করুন। এরপরে আপনার হাত ধুয়ে নিন।
- পোষা প্রাণী এবং পরিষেবা প্রাণীদের ধুয়ে এবং শ্যাম্পু করে দূষণমুক্ত করুন। তাদের লোম কামানোর প্রয়োজন নেই।

F. বিল্ডিং বিস্ফোরণ/ধসে পড়া

বিল্ডিং বিস্ফোরণের সবচেয়ে সাধারণ কারণ হল গ্যাস লিক করা। দেখুন বিভাগ 6(C)(3), গ্যাস লিক।

বিল্ডিং বিস্ফোরণগুলি ত্রুটিযুক্ত সরঞ্জাম বা অপরাধমূলক কার্যকলাপের ফলেও ঘটতে পারে।

বিস্ফোরণের কারণে বিল্ডিং, বা বিল্ডিংয়ের কিছু অংশ ধসে পড়তে পারে। বিল্ডিংয়ের কাঠামোতে বেআইনি বা ভুলভাবে কোনো পরিবর্তন করার ফলেও বিল্ডিং ধসে পড়তে পারে।

অস্বাভাবিক পরিস্থিতি বাদে, অদাহ্য পদার্থ দিয়ে নির্মিত বিল্ডিং (কংক্রিট বা ইস্পাতের কাঠামো দিয়ে) ধসে পড়ার সম্ভাবনা কম থাকে।

যদি আপনার অ্যাপার্টমেন্ট বিল্ডিংয়ে বিস্ফোরণ ঘটে:

- বিল্ডিংয়ের ক্ষতির তীব্রতা (যেমন ধসে পড়া বা ফাটল ধরা ছাদ বা দেওয়াল, ধুলোর মেঘ, বা গ্যাসের তীব্র গন্ধ) এবং আপনি তাৎক্ষণিক বিপদের মধ্যে আছেন কিনা তা নির্ধারণ করার চেষ্টা করুন।
- এই পরিস্থিতিতে সম্ভব হলে, যত তাড়াতাড়ি এবং শান্তভাবে সম্ভব বিল্ডিংটি খালি করুন।
- আপনি নিরাপদ অবস্থানে পৌঁছানোর সাথে সাথে 911 নম্বরে কল করুন।
- আপনি যদি নিরাপদে স্থান খালি করতে না পারেন বা স্থান খালি করা নিরাপদ কিনা সেই বিষয়ে আপনি নিশ্চিত না হন, তাহলে 911 নম্বরে কল করুন এবং তাদের দেওয়া নির্দেশাবলী অনুসরণ করুন।
- দেওয়াল বা সিলিং ধসে পড়ার সম্ভাবনা থাকলে, শক্তপোক্ত আসবাবের (যেমন টেবিল) নীচে আশ্রয় নিন।

যদি আপনার বিল্ডিং ধসে পড়ে এবং আপনি ধ্বংসাবশেষে আটকা পড়ে থাকেন:

- একটি শুকনো কাপড় বা পোশাক দিয়ে আপনার নাক ও মুখ ঢেকে রাখুন।
- ধুলো ওড়া এড়াতে যতটা সম্ভব কম চলাফেরা করুন, যা ক্ষতিকারক হতে পারে এবং শ্বাস নেওয়া কঠিন করে তুলতে পারে।
- একটি পাইপ বা দেওয়ালে আলতো করে টোকা দিন যাতে উদ্ধারকারীরা শুনতে পান যে আপনি কোথায় আছেন। হুইসেল থাকলে বাজান।



G. সন্ত্রাস

একজন সন্ত্রাসীর প্রাথমিক উদ্দেশ্য হল ভয় সৃষ্টি করা। সঠিক তথ্য এবং প্রাথমিক আপৎকালীন প্রস্তুতির সাথে, আপনি পাল্টা লড়াই করতে পারেন। নিউ ইয়র্কবাসীদের সন্ত্রাসী হামলার জন্য প্রস্তুতি নিতে সাহায্য করার জন্য NYC ইমার্জেন্সি ম্যানেজমেন্ট এবং সিটির অন্যান্য আপৎকালীন সাড়া দানকারী সংস্থার দ্বারা তৈরি একটি ওয়েবসাইট, PlanNowNYC দেখুন। দেখুন বিভাগ 7, আপৎকালীন প্রস্তুতির সংস্থান।

1. প্রকৃত তথ্য জানুন এবং দায়িত্বশীল হোন

- মনে রাখবেন যে সন্ত্রাসবাদ বিভিন্ন রূপ নিতে পারে। উপরে উল্লিখিত আগুন এবং আগুন-বহির্ভূত আপৎকালীন পরিস্থিতির জন্য প্রস্তুতি নেওয়ার মাধ্যমে, আপনি সন্ত্রাসী হামলার জন্যও প্রস্তুতি নেবেন।
- কোনো পরিস্থিতির প্রকৃত তথ্য জানুন এবং খতিয়ে চিন্তাভাবনা করুন। সরকারী বা মিডিয়ার মতো, তথ্যের বিভিন্ন নির্ভরযোগ্য উৎস ব্যবহার করে রিপোর্টগুলি নিশ্চিত করুন। গুজব ছড়াবেন না।
- অপরিচিতদের কাছ থেকে কোনো প্যাকেট নেবেন না, এবং সাবওয়ের মতো জনস্থানে মালপত্র বা ব্যাগগুলি ছেড়ে রেখে দেবেন না।
- আপনি যদি একটি সন্দেহজনক প্যাকেট বা খাম পান তাহলে এটি স্পর্শ করবেন না। 911 নম্বরে কল করুন এবং সিটির কর্মকর্তাদের সতর্ক করুন। আপনি যদি প্যাকেটটি নাড়াচাড়া করে থাকেন তাহলে অবিলম্বে সাবান এবং জল দিয়ে আপনার হাত ধুয়ে নিন। সন্দেহজনক প্যাকেট সনাক্ত করার জন্য US ডাক পরিষেবার পরামর্শ পড়ুন। আরও তথ্যের জন্য দেখুন, বিভাগ 7, আপৎকালীন প্রস্তুতির সংস্থান।

2. সক্রিয় বন্দুকধারী সংক্রান্ত আপৎকালীন পরিস্থিতি

সক্রিয় বন্দুকধারী সংক্রান্ত আপৎকালীন পরিস্থিতিতে, এক বা একাধিক সশস্ত্র ব্যক্তি সাধারণত এলোমেলোভাবে একাধিক ব্যক্তিকে গুলি করার উদ্দেশ্য নিয়ে একটি বিল্ডিং বা অন্য জায়গায় প্রবেশ করে।

সক্রিয় বন্দুকধারী সংক্রান্ত ঘটনাগুলি সাধারণত সরকারী বিল্ডিং এবং জায়গাগুলির সাথে সম্পর্কিত হয়, অ্যাপার্টমেন্ট বিল্ডিংয়ের সাথে নয়। তবে, আপনার অ্যাপার্টমেন্ট বিল্ডিং বা তার আশেপাশে বা আপনি যেখানে কাজ করেন, কেনাকাটা করেন বা বিনোদনের জন্য সময় কাটান সেখানে একটি সক্রিয় বন্দুকধারী সংক্রান্ত আপৎকালীন পরিস্থিতি ঘটতে পারে। এই ধরনের আপৎকালীন পরিস্থিতিতে কীভাবে প্রতিক্রিয়া জানাতে হয় তা আপনার বোঝা গুরুত্বপূর্ণ।

একটি সক্রিয় বন্দুকধারী সংক্রান্ত আপৎকালীন পরিস্থিতির সময়, পরামর্শ দেওয়া হয় যে আপনি:

1. এড়িয়ে চলুন (দৌড়ান)। সম্ভব হলে, বন্দুকধারীর কাছ থেকে দূরে সরে যান। আপনার ব্যক্তিগত জিনিসপত্র ছেড়ে দিয়ে চলে যান।

2. আড়ালে যান (লুকান)। আপনি যদি নিরাপদে এলাকা ছেড়ে যেতে না পারেন, তাহলে একটি অ্যাপার্টমেন্টের মধ্যে বা অন্য ঘরে ঢুকে পড়ুন। দরজায় লক করুন এবং/অথবা বড়, ভারী জিনিস দিয়ে এটি আটকে দিন যাতে কেউ সহজে ঢুকে পড়তে না পারে। দরজা বা দেওয়ালের মধ্যে দিয়ে পাছে গুলি চালানো হয়, তাই সম্ভব হলে একটি বড়, নিরেট জিনিসের পিছনে লুকান। যেকোনো শব্দের উৎস বন্ধ করুন এবং স্থির ও শান্ত থাকুন। আপনার সেল ফোন এবং অন্যান্য ডিভাইসগুলিকে সাইলেন্টে রাখুন, ভাইব্রেটে নয়।



© FDNY 2018

3. সামনা করুন [Confront] (লড়াই)। আপনি এবং অন্যরা যদি নিরাপদে এলাকা ছেড়ে যেতে না পারেন এবং লুকানোর কোনো জায়গা না থাকে, বা বন্দুকধারী আপনার অ্যাপার্টমেন্টে বা লুকানোর জায়গায় প্রবেশ করে, তাহলে নিজেদের রক্ষা করার জন্য আপনার পক্ষে যা করা সম্ভব তা করুন। সম্ভব হলে, অন্যদের আপনার পদক্ষেপগুলি জানান। আপনার পদক্ষেপগুলি নেওয়ার সঙ্কল্প করুন এবং আক্রমণাত্মক কাজ করুন। কোনোকিছুকে অস্ত্রের মতো করে ব্যবহার করুন এবং জিনিসপত্র ছুঁড়ুন। চিৎকার করুন।

4. 911 নম্বরে কল করুন, এটি করা নিরাপদ হওয়ার সাথে সাথে।

যে সকল আইন বলবৎকারী কর্মী একটি সক্রিয় বন্দুকধারী সংক্রান্ত ঘটনায় সাড়া দিচ্ছেন তারা বন্দুকধারী(দের) সনাক্তকরণ এবং নিরস্ত করার দিকে মনোযোগ দেবেন। আইন বলবৎকারী কর্মকর্তারা বন্দুকধারীকে সনাক্ত করতে এবং নিজেদের নিরাপত্তার জন্য মুখোমুখি হওয়া সমস্ত ব্যক্তির হাতের দিকে নজর রাখবেন।

1. আপনার হাত খালি রাখুন এবং আপনার মাথার উপরে তুলুন। এমন কোনো জিনিস বহন করবেন না যা ভুল করে অস্ত্র বা বিপজ্জনক ডিভাইস বলে মনে হতে পারে।

2. এমন আচরণ করবেন না যাতে আইন বলবৎকারী কর্মকর্তা আপনাকে হুমকি হিসাবে দেখতে পারেন। হঠাৎ কোনো নড়াচড়া করবেন না। আপনার দূরত্ব বজায় রাখুন। আইন বলবৎকারী কর্মকর্তাদের দিকে দৌড়াবেন না বা তাদের আঁকড়ে ধরবেন না।

3. আপনি প্রথম যে আইন বলবৎকারী কর্মীদের মুখোমুখি হন তাদের চিকিৎসাগত সহায়তা দেওয়ার জন্য মনোনীত করা নাও হতে পারে। সম্ভব হলে, সহায়তার অনুরোধ করার আগে আরও সুরক্ষিত জায়গায় চলে যান।

4. আপনাকে ঘটনাস্থল ছেড়ে অবিলম্বে চলে যাওয়ার অনুমতি নাও দেওয়া হতে পারে। জিজ্ঞাসাবাদের জন্য আটক হতে প্রস্তুত থাকুন।

7. আপৎকালীন প্রস্তুতির সংস্থান

আপৎকালীন প্রস্তুতির মূল বিষয়গুলি

Notify NYC: বিজ্ঞপ্তি পাওয়ার জন্য NYC.gov/NotifyNYC থেকে Notify NYC-এর জন্য সাইন আপ করুন, টুইটারে @NotifyNYC ফলো করুন, 311 নম্বরে যোগাযোগ করুন বা আপনার অ্যাপল (Apple) বা অ্যান্ড্রয়েড (Android) ডিভাইসের জন্য বিনামূল্যের অ্যাপ পান:

<https://a858-nycnotify.nyc.gov/notifynyc/>

রেডি নিউ ইয়র্ক [Ready New York] (NYC ইমার্জেন্সি ম্যানেজমেন্ট): রেডি নিউ ইয়র্ক নির্দেশিকাগুলি সব ধরনের আপৎকালীন পরিস্থিতির জন্য পরামর্শ এবং তথ্য প্রদান করে। এই নির্দেশিকাগুলির তথ্য একাধিক ভাষায় এবং অডিও ফরম্যাটে উপলব্ধ আছে:

<http://www1.nyc.gov/site/em/ready/guides-resources.page>

রিডিউস ইয়োর রিস্ক [Reduce Your Risk] নির্দেশিকা (NYC ইমার্জেন্সি ম্যানেজমেন্ট): এই নির্দেশিকাটি বিপদ থেকে মানুষের জীবন বা সম্পত্তির দীর্ঘ-মেয়াদী ঝুঁকি কমাতে বিপদ হ্রাস — সাশ্রয়ী এবং স্থায়িত্বপূর্ণ পদক্ষেপগুলি গ্রহণ করার মাধ্যমে প্রস্তুতি নেওয়ার জন্য সম্পত্তির মালিকরা যে পদক্ষেপগুলি নিতে পারেন তার বর্ণনা দেয়:

http://www1.nyc.gov/site/em/ready/guides-resources.page#reduce_your_risk

অ্যাপার্টমেন্ট বাসিন্দাদের জন্য তথ্য (NYC আবাসন সংরক্ষণ ও উন্নয়ন (Housing Preservation and Development, HPD) বিভাগ): HPD-এর ওয়েবসাইটে আলোচনা করা হয় যে কীভাবে অ্যাপার্টমেন্টের ভাড়াটেরা আবহাওয়ার আপৎকালীন পরিস্থিতি, প্রাকৃতিক দুর্যোগ, বিপদ এবং বিদ্যুৎ বিভ্রাটের জন্য প্রস্তুতি নিতে এবং সাড়া দিতে পারেন। তাদের ওয়েবসাইটে আইনগত বাধ্যবাধকতা সংক্রান্ত এই তথ্যও অন্তর্ভুক্ত রয়েছে যে বাড়িওয়ালাদের আবাসিক বিল্ডিংগুলিতে বাসযোগ্য অবস্থা বজায় রাখতে হবে, যার মধ্যে রয়েছে ঝড়-সম্পর্কিত বা অন্যান্য ক্ষতি:

<https://www1.nyc.gov/site/hpd/services-and-information/disaster-response.page>

যাদের সহায়তার প্রয়োজন আছে

স্বাস্থ্য সমস্যা থাকা ব্যক্তির (NYC স্বাস্থ্য ও মানসিক স্বাস্থ্যবিধি বিভাগ [Department of Health & Mental Hygiene])। স্বাস্থ্য বিভাগের ওয়েবসাইটটি স্বাস্থ্য সংক্রান্ত আপৎকালীন পরিস্থিতির উপর মনোযোগ দেয়, এছাড়াও ডায়ালাইসিস চলতে থাকা বা সীমিত চলৎশক্তি থাকার মতো, আপনার নির্দিষ্ট কোনো স্বাস্থ্য সমস্যা থাকলে কীভাবে কোনো আপৎকালীন পরিস্থিতির জন্য প্রস্তুতি নিতে হবে তাও এতে অন্তর্ভুক্ত আছে:

<http://www1.nyc.gov/site/doh/health/emergency-preparedness/individuals-and-families-dme.page>

প্রাণ বাঁচানোর সরঞ্জামের (Life Sustaining Equipment) গ্রাহক হিসাবে কীভাবে নিবন্ধন করবেন: কন এডিসন স্পেশাল সার্ভিসেস (Con Edison Special Services), 1-800-752-6633 (TTY: 1-877-423-4372) এবং ওয়েবসাইট:

<https://www.coned.com/en/accounts-billing/payment-plans-assistance/special-services>

PSEG ক্রিটিক্যাল কেয়ার প্রোগ্রাম [PSEG Critical Care Program] (রক্যাওয়েজ [Rockaways] গ্রাহক): 800-490-0025 এবং ওয়েবসাইট:

<https://www.psegliny.com/myaccount/customersupport/customerassistanceprograms/criticalcareprogram>

ন্যাশনাল গ্রিড NYC গ্রাহক পরিষেবা [National Grid NYC Customer Service] (ব্রুকলিন, কুইন্স, এবং স্ট্যাটেন আইল্যান্ড গ্রাহক): 718-643-4050 (অথবা নিউ ইয়র্ক স্টেট রিলে সার্ভিসের [New York State Relay Service] জন্য 711 ডায়াল করুন)

ন্যাশনাল গ্রিড লং আইল্যান্ড কাস্টমার সার্ভিস [National Grid Long Island Customer Service] (রক্যাওয়েজ গ্রাহক): 800-930-5003।

NYC 988: মানসিক স্বাস্থ্য সংক্রান্ত তথ্যের জন্য, একটি রেফারেল বা আপনার যদি কারো সাথে কথা বলার প্রয়োজন হয়, তাহলে নিউ ইয়র্ক সিটির গোপনীয়, 24-ঘণ্টা মানসিক স্বাস্থ্য হটলাইন (Mental Health Hotline), NYC 988-কে কল করুন: যে কোনো সময় 988 ডায়াল করুন বা ওয়েবসাইট দেখুন:

<https://nyc988.cityofnewyork.us/en/>

বাড়ির নিরাপত্তা এবং আগুন প্রতিরোধ

বাড়ির নিরাপত্তা:

ধোঁয়ার অ্যালার্ম এবং কার্বন মনোক্সাইড ডিটেক্টর (NYC আবাসন সংরক্ষণ ও উন্নয়ন (Housing Preservation and Development, HPD) বিভাগ): HPD-এর ওয়েবসাইটে ধোঁয়ার অ্যালার্ম এবং কার্বন মনোক্সাইড ডিটেক্টর লাগানো এবং রক্ষণাবেক্ষণ করার জন্য বাড়িওয়ালা এবং ভাড়াটেদের আইনি বাধ্যবাধকতা সম্পর্কে তথ্য রয়েছে:

<https://www1.nyc.gov/site/hpd/services-and-information/smoke-carbon-monoxide-detectors.page>

অগ্নি নিরাপত্তা প্রকাশনা (NYC দমকল বিভাগ [NYC Fire Department]): দমকল বিভাগ এটির ওয়েবসাইটে 25 টিরও বেশি বিভিন্ন বিষয়ে অগ্নি নিরাপত্তা সংক্রান্ত তথ্য পোস্ট করেছে, যার মধ্যে রয়েছে ধোঁয়া এবং কার্বন মনোক্সাইড অ্যালার্ম:

<http://www1.nyc.gov/site/fdny/education/fire-and-life-safety/fire-life-safety.page>

<http://www1.nyc.gov/site/fdny/education/fire-and-life-safety/fire-safety-educational-publications.page>

<http://www.fdnysmart.org/>

ধোঁয়ার অ্যালার্ম (আমেরিকান রেড ক্রস [American Red Cross]): রেড ক্রসের ওয়েবসাইটে অগ্নি নিরাপত্তা এবং ধোঁয়ার অ্যালার্ম লাগানো সম্পর্কে তথ্য রয়েছে। সংস্থাটি এবং এটির অংশীদাররা ধোঁয়ার অ্যালার্ম কেনার সামর্থ্য নেই বা বাস্তবিকপক্ষে ধোঁয়ার অ্যালার্ম লাগাতে অক্ষম এমন ব্যক্তিদের জন্য বিনামূল্যে সীমিত সংখ্যক ধোঁয়ার অ্যালার্ম লাগিয়ে দেবে। রেড ক্রস বধির বা শ্রবণশক্তিহীন ব্যক্তিদের জন্য সীমিত সংখ্যক বিশেষায়িত বেডসাইড অ্যালার্ম লাগিয়ে দেয়।

সাধারণ তথ্যের জন্য: <https://www.redcross.org/sound-the-alarm>

কেনা বা লাগানোর সহায়তার জন্য:

<http://www.redcross.org/local/new-york/greater-new-york/home-fire-safety>

আগুন প্রতিরোধ

অগ্নি নিরাপত্তা প্রকাশনা (NYC দমকল বিভাগ [NYC Fire Department]): দমকল বিভাগ এটির ওয়েবসাইটে 25 টিরও বেশি বিভিন্ন বিষয়ে অগ্নি নিরাপত্তা সংক্রান্ত তথ্য পোস্ট করেছে, যার মধ্যে রয়েছে আবাসিক অগ্নি নিরাপত্তা, অগ্নি নির্বাপক যন্ত্রের সঠিক ব্যবহার, মোমবাতি নিরাপত্তা, এবং বয়স্ক ব্যক্তিদের অগ্নি নিরাপত্তা সংক্রান্ত পরামর্শ:

<http://www1.nyc.gov/site/fdny/education/fire-and-life-safety/fire-safety-educational-publications.page>

অগ্নি বিধি নির্দেশিকা [Fire Code Guide] (NYC দমকল বিভাগ [NYC Fire Department]) দমকল বিভাগ নিউ ইয়র্ক সিটি অগ্নি বিধি এবং দমকল বিভাগের নিয়মাবলীতে উল্লিখিত অগ্নি নিরাপত্তার আবশ্যিকতাগুলির বিষয়ে নির্দেশিকা পোস্ট করেছে, যার মধ্যে রয়েছে মোমবাতি সুরক্ষা এবং আলংকারিক অ্যালকোহল-জ্বালানিযুক্ত ফায়ারপ্লেস (অধ্যায় 3), ক্রিসমাস ট্রি নিরাপত্তা (অধ্যায় 8), এবং বৈদ্যুতিক বিপদ প্রতিরোধ (অধ্যায় 6):

<https://www1.nyc.gov/site/fdny/codes/reference/reference.page>

আপনার বিল্ডিং সম্পর্কে জানুন

অগ্নি নিরাপত্তা প্রকাশনা (NYC দমকল বিভাগ [NYC Fire Department]): দমকল বিভাগ এটির ওয়েবসাইটে 25 টিরও বেশি বিভিন্ন বিষয়ে অগ্নি নিরাপত্তা সংক্রান্ত তথ্য পোস্ট করেছে, যার মধ্যে রয়েছে বিল্ডিং নির্মাণ:

<http://www1.nyc.gov/site/fdny/education/fire-and-life-safety/fire-safety-educational-publications.page>

বিল্ডিং নির্মাণ (FDNY ফাউন্ডেশন [FDNY Foundation]): FDNY ফাউন্ডেশন একটি অলাভজনক সংস্থা যেটি অগ্নি নিরাপত্তা সংক্রান্ত শিক্ষা প্রচার করে। আপনি যে বিল্ডিংয়ে বাস করেন সেটি আগুনরোধী কিম্বা অ-আগুনরোধী তা জানতে সাহায্য করার জন্য এটির ওয়েবসাইটে তথ্য রয়েছে:

<http://www.fdnysmart.org/safetytips/fire-proof-or-non-fire-proof/>

অ্যাপার্টমেন্ট সনাক্তকরণ এবং আগুনের আপৎকালীন পরিস্থিতির জন্য চিহ্নিতকরণ (NYC দমকল বিভাগ [NYC Fire Department]) অ্যাপার্টমেন্ট সনাক্তকরণ এবং আগুনের আপৎকালীন পরিস্থিতির চিহ্নিতকরণের আবশ্যিকতা সম্পর্কে আরও তথ্যের জন্য, NYC অগ্নি বিধি ধারা FC 505.3 ও FC 505.4 এবং দমকল বিভাগের নিয়মাবলী 3 RCNY 505-01 ও 505-02 দেখুন। দমকল বিভাগ এটির ওয়েবসাইটে অগ্নি বিধি এবং নিয়মাবলীর সাথে একটি অগ্নি বিধি নির্দেশিকা পোস্ট করেছে, যেখানে (অধ্যায় 5-এ) এই আবশ্যিকতাগুলি সম্পর্কে প্রায়শ জিজ্ঞাসিত প্রশ্নগুলি দেওয়া আছে। এই তথ্যের লিঙ্ক:

<https://www1.nyc.gov/site/fdny/codes/fire-code/fire-code.page>

<https://www1.nyc.gov/site/fdny/codes/fire-department-rules/fire-dept-rules.page>

<https://www1.nyc.gov/site/fdny/codes/reference/reference.page>

আগুন বা আগুন-বহির্ভূত আপৎকালীন পরিস্থিতিতে কী করবেন

উচ্ছেদ সহায়তা: তোলা ও বহন করার কৌশল (লেস অ্যাঞ্জেলেস সিটি): একজন বা দুজন ব্যক্তির কাউকে বহন করতে পারার বিভিন্ন উপায়, স্কেচ এবং নির্দেশাবলী সহ: <http://www.cert-la.com/downloads/liftcarry/Liftcarry.pdf>

স্থান খালি করার উপকরণ (অক্ষমতা থাকা ব্যক্তিদের জন্য NYC মেয়রের অফিস [NYC Mayor's Office for People with Disabilities]): সিটি সিঁড়ির চেয়ার এবং স্থান খালি করার অন্যান্য উপকরণ সম্পর্কে তথ্য পোস্ট করেছে, যার মধ্যে আপনার বিল্ডিংয়ে ব্যবহারের জন্য একটি স্থান খালি করার উপকরণ কেনার বিবেচ্য বিষয়টি রয়েছে:

<http://www1.nyc.gov/site/mopd/resources/considerations-for-purchasing-an-evacuation-devise-for-use-in-your-building.page>

বিদ্যুৎ বিভ্রাট। বিদ্যুৎ বিভ্রাট এবং ইউটিলিটি সংক্রান্ত অন্যান্য আপৎকালীন পরিস্থিতির জন্য যোগাযোগের নম্বরগুলি নীচে দেওয়া হয়েছে:

ইউটিলিটি কোম্পানির আপৎকালীন নম্বর:

কন এডিসন (Con Edison) 24-ঘণ্টা হটলাইন: 800-752-6633 (TTY: 1-877-423-4372)

ন্যাশানাল গ্রিড (National Grid) 24-ঘণ্টা হটলাইন: 1-718-643-4050

সন্দেহজনক ডাক বা প্যাকেট: U.S. ডাক পরিষেবা (U.S. Postal Service) একটি বোমা (বিস্ফোরক), তেজস্ক্রিয়তা, জৈবিক, বা রাসায়নিক হুমকি আছে এমন একটি প্যাকেট থেকে কীভাবে নিজেকে, আপনার ব্যবসা এবং আপনার ডাক বিভাগকে রক্ষা করবেন সে সম্পর্কে তথ্য প্রকাশ করেছে:

<http://about.usps.com/posters/pos84/welcome.htm>

সন্ত্রাস

প্ল্যাননাউ NYC [PlanNow NYC] (NYC ইমার্জেন্সি ম্যানেজমেন্ট) হল সিটির ওয়েবসাইট যা নিউ ইয়র্কবাসীদের সম্ভাব্য সন্ত্রাসী কাজকর্ম এবং অন্যান্য আপৎকালীন পরিস্থিতি সম্পর্কে অবহিত করে। ইন্টার্যাক্টিভ ওয়েবসাইটটি সম্ভাব্য আপৎকালীন পরিস্থিতি, একটি সক্রিয় বন্দুকধারী সংক্রান্ত ঘটনা থেকে তেজস্ক্রিয়তা, জৈবিক বা রাসায়নিক সংক্রান্ত ঘটনা পর্যন্ত বিষয়গুলিতে নিউ ইয়র্কবাসীদের যুক্ত করার জন্য ডিজাইন করা হয়েছে: <https://plannownyc.cityofnewyork.us/>

রান হাইড ফাইট [Run Hide Fight] (হিউস্টন সিটি): হিউস্টন সিটি একটি সক্রিয় বন্দুকধারী সংক্রান্ত ঘটনায় জনসাধারণের কীভাবে সাড়া দেওয়া উচিত সে সম্পর্কে একটি ভিডিও প্রকাশ করেছে:

<https://www.youtube.com/watch?v=5VcSwejU2D0>

NYPD শিল্ড (NYC পুলিশ বিভাগ [NYC Police Department]): NYPD শিল্ড হল বিল্ডিংয়ের মালিকদের এবং অন্যান্য বেসরকারি খাতের ব্যবসাগুলির জন্য তথ্য আদান-প্রদানের মাধ্যমে সন্ত্রাসবাদ মোকাবিলার জন্য পুলিশ বিভাগের একটি কর্মসূচি:

<https://www.nypdshield.org/public/>